# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Chaitra 13, 1430 Bangla, March 27, 2024, Wednesday, No. 87, 54th year

# H I G H L I G H T S

The 54th Independence & National Day observed. President Mohammed Sahabuddin & PM Sheikh Hasina and King of Bhutan Jigme Khesar Wangchuck pay rich tributes to Liberation War martyrs by placing wreaths at the National Martyrs' Memorial at Savar. (R. Today: 10)

PM Sheikh Hasina pays rich tribute to the portrait of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman on the Great Independence and National Day. (Jago FM: 13)

AL GS Obaidul Quader says, many have read out the Declaration of Independence. General Zia had read out the declaration of independence on behalf of Bangabandhu. A reader can never be a proclaimer. (R. Today: 11)

Jatiya Party wing chairman GM Quader says the present govt is doing business with the spirit of independence. He also alleges that the govt is fueling the conflict in the Jatiya Party. (R. Today: 12)

BNP Leader Dr A Moyeen Khan comments, the purpose & ideals with which the liberation war was fought in this country have not been saved-Claims, Ziaur Rahman had declared independence. (R. Today: 11)

US Secretary of State Anthony Blinken emphasized on the democratic governance system in Bangladesh's Independence Day greetings. (DW: 8)

Before Eid, there may be unrest in 416 ready-made garment factories with salary and bonus. This picture has emerged in a report of the Industrial Police. (DW: 9)

Rain has started in BD since the 2nd week of March. There was also heavy hail storm last week. Naturally, farmers & agriculturists are concerned about its impact on crops. (BBC: 3)

BSF shot dead a Bangladeshi in Naogaon border and injured another in Lalmonirhat border. (R. Today: 11)

Five members of a family were electrocuted to death at Juri upazila in Moulvibazar. (R. Today: 11)

The government's initiative to prepare list of Razakar has stalled. Concerned people think that this list is not happening anymore considering the real complex situation. (Jago FM: 18)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর,**
**বাংলাদেশ বেতার, ঢাকা**
**চৈত্র ১৩, বাংলা ১৪৩০, মার্চ ২৭, ২০২৪, বুধবার, নং- ৮৭, ৫৪তম বছর**

# শিরোনাম

মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস উপলক্ষে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং ভুটানের রাজা জিগমে খেসার নামগেল ওয়াংচুক সাভারে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে মহান মুক্তিযুদ্ধের বীর শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়েছেন।
(রে. টুডে : ১০)

মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। (জাগো এফএম : ১৩)

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, অনেকেই স্বাধীনতার ঘোষণা পাঠ করেছেন। সেখানে জেনারেল জিয়াও বঙ্গবন্ধুর পক্ষে স্বাধীনতার ঘোষণা পাঠ করেছেন। স্বাধীনতা ঘোষণার পাঠক কখনও ঘোষক হতে পারে না। (রে. টুডে : ১১)

জাতীয় পার্টির একাংশের চেয়ারম্যান জি এম কাদের বলেছেন স্বাধীনতার চেতনা নিয়ে বর্তমান সরকার ব্যবসা করছে। জাতীয় পার্টিতে দ্বন্দ্ব তৈরিতে সরকার ইন্দন দিচ্ছে বলেও অভিযোগ তোলেন তিনি। (রে. টুডে : ১২)

যে উদ্দেশ্য এবং আদর্শ নিয়ে এদেশে মুক্তিযুদ্ধ হয়েছে তা রক্ষা হয়নি বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আ. মঈন খান। তিনি দাবি করেন স্বাধীনতার ঘোষণা দিয়েছিলেন জিয়াউর রহমান। (রে. টুডে : ১১)

বাংলাদেশের স্বাধীনতা দিবসের শুভেচ্ছায় গণতান্ত্রিক শাসন ব্যবস্থায় জোর দিলেন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী পররাষ্টমন্ত্রী অ্যান্টনি ব্লিঙ্কেন। (ডয়চে ভেলে: ৮)

ইদের আগে বেতন-বোনাস নিয়ে ৪১৬টি তৈরী পোশাক কারখানায় অস্থিরতা দেখা দিতে পারে। শিল্পাঞ্চলের নিরাপত্তার দায়িত্বে থাকা পুলিশের বিশেষায়িত ইউনিট শিল্প পুলিশের এক প্রতিবেদনে এই চিত্র উঠে এসেছে। (ডয়চে ভেলে: ৯)

বাংলাদেশে মার্চের দ্বিতীয় সপ্তাহ থেকেই শুরু হয়েছে বৃষ্টি। শেষ সপ্তাহের শুরুতে ব্যাপক শিলাবৃষ্টিও হয়েছে। স্বাভাবিকভাবেই কৃষক ও কৃষি সংশ্লিষ্টরা ফসলের উপর এর প্রভাব নিয়ে উদ্বেগে আছেন। (বিবিসি : ৩)

ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফের গুলিতে নওগাঁ সীমান্তে ১ বাংলাদেশি নিহত হয়েছেন এবং লালমনিরহাট সীমান্তে অপর একজন গুলিবিদ্ধ হয়েছেন। (রে. টুডে : ১১)

মৌলভীবাজারের জুড়িতে বিদ্যুতের তার ছিড়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে একই পরিবারের পাঁচ জনের মৃত্যু হয়েছে।
(রে. টুডে : ১১)

সরকারের রাজাকারের তালিকা করার উদ্যোগ থেমে গেছে। বাস্তব জটিল পরিস্থিতি বিবেচনায় এ তালিকাটি আর হচ্ছে না বলে মনে করছেন সংশ্লিষ্টরা। (জাগো এফএম : ১৮)

# বিবিসি

## ঝড়ো হাওয়া শিলাবৃষ্টি, আবহাওয়ার পূর্বাভাসে যা বলা হয়েছে

বাংলাদেশে মার্চের দ্বিতীয় সপ্তাহ থেকেই শুরু হয়েছে বৃষ্টি। শেষ সপ্তাহের শুরুতে ব্যাপক শিলাবৃষ্টিও হয়েছে। স্বাভাবিকভাবেই কৃষক ও কৃষি সংশ্লিষ্টরা ফসলের উপর এর প্রভাব নিয়ে উদ্বেগে আছেন। তবে, চৈত্রের এ বৃষ্টিতে ফসলের তেমন কোনও ক্ষতি হয়নি বলে জানিয়েছেন কৃষি কর্মকর্তারা। বরং এখনকার প্রধান ফসল বোরো ধানের জন্য এ বৃষ্টি আশীর্বাদ বলে মনে করছেন তারা। যদিও আগামী ৭২ ঘণ্টায় দেশের বিভিন্ন স্থানে আবারো বৃষ্টি, শিলাবৃষ্টি হতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। তবে, বিভিন্ন জেলার কৃষি কর্মকর্তা ও কৃষকরা জানাচ্ছেন, বৃষ্টি বেশি হলে রাজশাহী ও দিনাজপুরে আম ও লিচুর উপর প্রভাব পড়বে। আমের মুকুল ঝরে পড়ারও আশঙ্কা রয়েছে।

আবহাওয়া অধিদপ্তর এক পূর্বাভাসে জানিয়েছে, পশ্চিমা লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও কাছাকাছি এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে। রংপুর, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রাজশাহী ও চট্টগ্রাম বিভাগের দু'এক জায়গায় অস্থায়ী দমকা বা ঝড়ো হাওয়াসহ বৃষ্টি বা বজ্র-সহ বৃষ্টি হতে পারে। একই সাথে কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলা বৃষ্টি হতে পারে বলে পূর্বাভাস দেওয়া হয়েছে। রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেলেও দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। মঙ্গলবার থেকে আবার বৃষ্টি বাড়তে পারে বলে অধিদপ্তরের পূর্বাভাসে বলা হয়েছে।

ঢাকা, ময়মনসিংহ ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রংপুর, রাজশাহী, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের দু' এক জায়গায় অস্থায়ী দমকা বা ঝোড়ো হাওয়া-সহ বৃষ্টি বা বজ্র-সহ বৃষ্টি হতে পারে বলে আবহাওয়া অধিদপ্তর পূর্বাভাস দিয়েছে। সেই সাথে এসব বিভাগে কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলাবৃষ্টি হতে পারে বলেও জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। তবে সারা দেশে দিনের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে এবং রাতের তাপমাত্রা অপরিবর্তিত থাকতে পারে। তবে, বুধবার ২৭ শে মার্চ অবস্থা পরিবর্তনের কথা জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। শুধু মাত্র রংপুর বিভাগের দু'এক জায়গায় ঝোড়ো হাওয়াসহ বৃষ্টি বা বজ্র-সহ বৃষ্টি হতে পারে বলে পূর্বাভাস দিয়েছে অধিদপ্তর । এছাড়া দেশের অন্য জায়গায় আংশিক মেঘলা আকাশ-সহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। সারা দেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর থেকে জানানো হয়েছে, শিলাবৃষ্টি শুধু রাজধানী ঢাকা বিভাগে হওয়াতে ফসলের উপর তেমন কোনও প্রভাব পড়েনি। এখন যে-সব ফসল মাঠে রয়েছে তাতে ক্ষতির তেমন কোনও তথ্য নেই। অধিদপ্তর বলছে, এখন প্রধান ফসল বোরো ধান। শিলাবৃষ্টি শুধু ঢাকা বিভাগে হওয়াতে ফসলের উপর এর প্রভাব পড়েনি।

কৃষি কর্মকর্তারা জানান, উৎপাদিত পিঁয়াজের প্রায় শতভাগ শীতকালেই উৎপাদিত হয়। উৎপাদন ও আমদানি বিবেচনায় এদেশের বার্ষিক পিঁয়াজের চাহিদা প্রায় ৩৫ লাখ টন। গত কয়েক বছরে ধারাবাহিকভাবেই পিঁয়াজের উৎপাদন বাড়ছে বলে জানিয়েছেন কৃষি কর্মকর্তারা। তারা বলছেন, বেশির ভাগ জায়গাতেই পিঁয়াজ জমি থেকে তুলে ফেলা হয়েছে। তবে দেখা যায় দাম বিবেচনা করে কেউ আগে পিঁয়াজ তোলে, আবার কেউ পরে।

(বিবিসি ওয়েব পেজ : ২৬.০৩.২০২৪ নারগীস)

# ভয়েস অফ আমেরিকা

## ভুটানের রাজা ও রানিকে বাংলাদেশের রাষ্ট্রপতির সংবর্ধনা

ভুটানের রাজা জিগমে খেসার নামগিয়েল ওয়াংচুক এবং রানি জেটসুন পেমা ওয়াংচুক বাংলাদেশের স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস উপলক্ষ্যে আয়োজিত রাষ্ট্রীয় সংবর্ধনা অনুষ্ঠানে যোগ দিয়েছেন। বাংলাদেশের রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন রাজা ওয়াংচুককে ফুল দিয়ে বরণ করেন এবং বাংলাদেশের ফার্স্ট লেডি ড. রেবেকা সুলতানা রানিকে বরণ করেন। মঙ্গলবার (২৬ই মার্চ) বিকালে রাজা ওয়াংচুক ও রাষ্ট্রপতি সাহাবুদ্দিনের মধ্যে বৈঠক অনুষ্ঠিত হয়। আর বাংলাদেশের ফার্স্ট লেডি ও ভুটানের রানী জাতীয় স্বাধীনতা সংবর্ধনা অনুষ্ঠান উপলক্ষ্যে নির্মিত বঙ্গভবন মাঠের মঞ্চে যান। অনুষ্ঠানে বাংলাদেশের ফার্স্ট লেডি ও ভুটানের রানি আগত অতিথিদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন। তাদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় পর্বে যোগ দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। রাষ্ট্রপতি সাহাবুদ্দিনের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক শেষে রাজা ওয়াংচুক পরিদর্শন বইয়ে সই করেন। বাংলাদেশের রাষ্ট্রপতি বঙ্গভবনের দরবার হলে রাষ্ট্রীয় অতিথিদের সম্মানে ইফতার ও নৈশভোজের আয়োজন করেন। এর আগে সাভারে জাতীয় স্মৃতিসৌধে রাষ্ট্রপতি সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে ভুটানের রাজা শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন এবং সেখানে একটি গাছের চারা রোপণ করেন।

### বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট পরিদর্শন

এদিকে, ভুটানের রাজা জিগমে খেসার নামগিয়েল ওয়াংচুক শেখ হাসিনা জাতীয় বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট পরিদর্শন করেছেন। মঙ্গলবার সকালে ভুটানের রাজাকে শেখ হাসিনা জাতীয় বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইন্সটিটিউটের সেবা কার্যক্রম ঘুরিয়ে দেখান বাংলাদেশের স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন। পরিদর্শন শেষে ভুটানের রাজা স্বাস্থ্যমন্ত্রী এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে বিশেষ বৈঠক করেন। বৈঠকে বাংলাদেশের চিকিৎসা সেবার প্রশংসা করেন ভুটানের রাজা জিগমে খেসার নামগিয়েল ওয়াংচুক। মহান মুক্তিযুদ্ধকালে

ভুটান সরকার প্রথম বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করায় ভুটানের রাজার প্রতি বিশেষ কৃতজ্ঞতা প্রকাশ করেন বাংলাদেশের স্বাস্থ্যমন্ত্রী। (ভোয়া ওয়েব পেজ: ২৬.০৩.২০২৪ রুবাইয়া)

## কেমন আছেন বীর উত্তমরা

১৯৭১ সালে এক সশস্ত্র সংগ্রামের মধ্য দিয়ে বঙ্গোপসাগর তীরবর্তী ৫৬ হাজার বর্গমাইল ভূখণ্ডে নতুন রাষ্ট্র বাংলাদেশের জন্ম। স্বাধীনতা উত্তরকালে ১৯৭২ সালের ১৪ই ফেব্রুয়ারি তৎকালীন সরকারের মন্ত্রিপরিষদের এক বৈঠকে চার ক্যাটাগরিতে ৬৭৬ জন মুক্তিযোদ্ধাকে বীরত্বপূর্ণ ভূমিকার জন্য সম্মাননা খেতাব দেয়ার সিদ্ধান্ত হয়। ৭ বীরশ্রেষ্ঠ, ৬৮ বীরউত্তম, ১৭৫ বীর বিক্রম এবং ৪২৬ বীর প্রতীক হিসেবে সম্মাননা খেতাব পান। ১৯৭৫ সালের ১৫ আগস্ট বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে স্বপরিবারে হত্যাকাণ্ডের ঘটনায় প্রতিরোধ গড়ে তোলার ভূমিকা নেয়ায় একজনকে বীর উত্তম খেতাব দেয়া হয়। ওই হত্যাকাণ্ডে আত্মস্বীকৃত খুনি হিসেবে ৪ জনের খেতাব বাতিল করা হয়। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ২০২৩ সালের ডিসেম্বর মাসের তথ্য অনুযায়ী, বাংলাদেশে ২ লাখ ৪০ হাজার ১৭৩ জন সম্মানী ভাতাভোগী মুক্তিযোদ্ধা রয়েছেন। সম্মুখ সমরে আত্মাহুতি দেয়া ৭ বীরকে দেয়া হয়েছে 'বীরশ্রেষ্ঠ' উপাধি। বীরশ্রেষ্ঠদের বীরত্বের গাথা উঠে এসেছে পাঠ্যবইসহ নানা গবেষণা গ্রন্থে। ব্যক্তি পর্যায়ের কিছু গবেষণায় ও লেখালেখিতে বীর উত্তম, বীর বিক্রম ও বীর প্রতীকদের বীরত্বের কিছু তথ্য পাওয়া যায়।

বীর উত্তম খেতাবপ্রাপ্ত ৬৭ জনের মধ্যে বেঁচে আছেন ১১ জন। ভয়েস অফ আমেরিকা পক্ষে থেকে খোঁজ নিয়ে জানা যায়, বীর উত্তম খেতাবপ্রাপ্ত ৬৭ জনের মধ্যে বর্তমানে মাত্র ১১ জন বেঁচে আছেন। তাদের মধ্যে কয়েকজন গুরুতর অসুস্থ।বীর উত্তম খেতাবপ্রাপ্ত মধ্যে বর্তমানে বেঁচে আছেন মেজর জেনারেল (অব) কাজী মুহাম্মদ সফিউল্লাহ (অসুস্থ), মেজর (অব) রফিকুল ইসলাম, মেজর জেনারেল (অব) হারুন আহমেদ চৌধুরী (বিদেশে), মেজর (অব) মো. শাহজাহান ওমর, লে. কর্ণেল (অব) মোহাম্মদ জিয়াউদ্দিন আহমেদ (অসুস্থ), মেজর জেনারেল (অব) মোহাম্মদ আজিজুর রহমান, শাহাব উদ্দিন আহম্মেদ, এম এইচ সিদ্দিকী, আব্দুল কাদের সিদ্দিকী, আব্দুল করিম খন্দকার, ও মোঃ জালাল উদ্দিন।

কেমন আছেন বীর উত্তমরা?

১১ জন বীর উত্তমদের মধ্যে অনেকে বার্ধক্য জনিত নানা রোগে আক্রান্ত হয়ে গুরুতর অসুস্থ পড়েছেন। আবার অনেকে নানান কারণে লোকচক্ষুর আড়ালে চলে গেছেন। এছাড়া, নানা ক্ষোভের কারণে মুক্তিযুদ্ধ ও নিজেদের বীরত্বের বিষয়ে, গণমাধ্যমের সঙ্গে খুব একটা কথা বলতে চান না ।

ওরা ১১ জন'

**সাহাবউদ্দিন আহমেদ বীর উত্তম**

জীবিত বীর উত্তমদের একজন সাহাবউদ্দিন আহমেদ। তিনি ১৯৭১ সালে পাকিস্তান ইন্টারন্যাশনাল এয়ারলাইনসে (পিআইএ) কর্মরত ছিলেন। মুক্তিযুদ্ধ শুরু হলে ৭ এপ্রিল ভারতে গিয়ে মুক্তিযুদ্ধের নানা সাংগঠনিক কাজ করেন। ২৮ সেপ্টেম্বর মুক্তিবাহিনীর বিমানবাহিনী গঠিত হলে তিনি তাতে যোগ দেন। তিনি ভয়েস অফ আমেরিকাকে বলেন, তিনি বেশ কয়েকটি অপারেশনে অংশ নেন। এরমধ্যে ৬ ডিসেম্বর মৌলভীবাজারে এবং ৭ ডিসেম্বর সিলেটের শমশেরনগরে পাকিস্তানি সেনাবাহিনীর গুলিতে তাঁর হেলিকপ্টার ক্ষতিগ্রস্ত হয়েছিল।

বীর শ্রেষ্ঠদের মতো বীর উত্তমসহ অন্যান্য মুক্তিযোদ্ধাদের বীরত্বের কথা পাঠ্যবইয়ে অন্তর্ভুক্ত করা হলে সহজে নতুন প্রজন্ম মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাসটা জানতে পারবে। নতুন প্রজন্ম নানাভাবে মুক্তিযুদ্ধ এবং মুক্তিযোদ্ধাদের ইতিহাস জানছে বলে উল্লেখ করে সাহাবউদ্দিন আহমেদ বলেন, বীর শ্রেষ্ঠদের মতো বীর উত্তমসহ অন্যান্য মুক্তিযোদ্ধাদের বীরত্বের কথা পাঠ্যবইয়ে অন্তর্ভুক্ত করা হলে সহজে নতুন প্রজন্ম মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাসটা জানতে পারবে। মুক্তিযুদ্ধের সময় নিজের সহকর্মীদের নিয়ে স্মৃতিচারণ করে সাহাবউদ্দিন বলেন, বিমানবাহিনীর আমরা ৯ জন ছিলাম। তার মধ্যে এখন বেঁচে আছেন মাত্র আলমগীর সাত্তার বীর প্রতীক। "আর কেউ নেই। অবসর সময় কীভাবে কাটে জানতে চাইলে বলেন, "সময় কেটে যায়। আমাদের দেশের মানুষ তো বিপদে আছে। আমাদের ক্ষমতা কম। তার মধ্যে সুযোগ পেলে আন্তরিকভাবে সাহায্য করার চেষ্টা করি। বই পড়ে এইভাবে সময় কেটে যাচ্ছে। বঙ্গবন্ধুর নির্দেশনায় মুক্তিযুদ্ধে অংশ নিয়েছেন বলে উল্লেখ করে সাহাবউদ্দিন বলেন, উনি তো ৭ মার্চ সবই বলে দিয়েছিলেন। তখনি আমাদের মানসিক প্রস্তুতি হয় যুদ্ধে যাওয়ার। আর মার্চের ৫ তারিখে আমরা ১২ জন পাইলট বঙ্গবন্ধুর সঙ্গে দেখা করলাম। যুদ্ধের শুরুর দিকেই ঢাকায় বাঙালি যে ১২ জন পাইলট ছিলেন তার মধ্যে ৬ জনই প্রথম ভারতে পার হয়ে গেলাম। ভারত সরকারকে বিমানবাহিনী সম্পর্কে বললাম। তারা গ্রহণ করলেন এবং বললেন- এটা কিন্তু তোমাদের সরকারের মাধ্যমে আমাদের কাছে আসতে হবে।

**কাজী মুহম্মদ সফিউল্লাহ বীর উত্তম**

১৯৭১ সালে কাজী মুহম্মদ সফিউল্লাহ পাকিস্তান সেনাবাহিনীর দ্বিতীয় ইস্ট বেঙ্গল রেজিমেন্টের সেকেন্ড ইন কমান্ড ছিলেন। ২৮ মার্চ বিদ্রোহ করে মুক্তিযুদ্ধে যোগ দেন তিনি। তিনি ৩নং সেক্টরের সেক্টর কমান্ডার এবং এস ফোর্সের প্রধান হিসেবে হিসেবে দায়িত্ব পালন করেছেন।স্বাধীন বাংলাদেশের দ্বিতীয় সেনাপ্রধান সফিউল্লাহ বর্তমানে অসুস্থ বলে জানা গেছে। দৈনিক প্রথম আলোর সম্পাদক মতিউর রহমানের- একাত্তরের বীরযোদ্ধা খেতাব পাওয়া মুক্তিযোদ্ধাদের

বীরত্বগাথা দ্বিতীয় খণ্ডে কাজী মুহাম্মদ সফিউল্লাহ বলেন,২৯ মার্চ বিকেলে জেলা (ময়মনসিংহ) অ্যাডমিনিস্ট্রেশনের সমস্ত অফিসার, জাতীয় ও প্রাদেশিক পরিষদের নির্বাচিত এমএনএ ও এমপিএদেরকে নিয়ে এক বৈঠক করা হয়। সেই বৈঠকে কীভাবে যুদ্ধ পরিচালনা করতে হবে তার পরিকল্পনা নিই। তিনি আরও বলেন,৩০ মার্চ ময়মনসিংহ থেকে ট্রেনযোগে নরসিংদী রওনা দিই। আসার পূর্বে আমি জনগণকে আশ্বাস দিলাম যে, আমি আমার ব্যাটালিয়ন নিয়ে শত্রুবাহিনীর বিরুদ্ধে আক্রমণ করতে যাচ্ছি। আমার হেডকোয়ার্টার্স স্থাপন করি কিশোরগঞ্জ। আর আমার লোকজন বিভিন্ন গন্তব্যে অগ্রসর হয়। ৩ নম্বর সেক্টর এলাকায় তাঁর প্রত্যক্ষ ও পরোক্ষ পরিচালনায় মুক্তিযোদ্ধারা পাকিস্তানি সেনাবাহিনীর বিরুদ্ধে অসংখ্য যুদ্ধে অংশ নেন। তাঁর সার্বিক নেতৃত্বে বেশ কয়েকটি সরাসরি যুদ্ধও সংঘটিত হয়।

**মোহাম্মদ জিয়াউদ্দিন বীর উত্তম**

মোহাম্মদ জিয়াউদ্দিন মুক্তিযুদ্ধের সময় ছিলেন প্রথম ইস্ট বেঙ্গল রেজিমেন্টের অধিনায়ক। বর্তমানে এই বীর মুক্তিযোদ্ধা গুরুতর অসুস্থ। ২২ মার্চ মোবাইল ফোনে সংক্ষেপে ভয়েস অফ আমেরিকাকে তিনি বলেন,নতুন প্রজন্মের জন্য পাঠ্য পুস্তকে মুক্তিযুদ্ধের পুরো ইতিহাস তুলে ধরতে হবে। মুক্তিযুদ্ধের এতো বছর পরে এসেও এখনও সঠিক মুক্তিযোদ্ধার তালিকা প্রণয়ন করতে না পারার আমাদের জন্য দুঃখজনক। যে লক্ষ্য নিয়ে বাংলাদেশ স্বাধীন হয়েছে তা যে লক্ষ্য নিয়ে বাংলাদেশ স্বাধীন হয়েছে তা এখনও পূর্ণাঙ্গভাবে বাস্তবায়ন হয়নি বলেও উল্লেখ করেন তিনি। বলেন, মুক্তিযুদ্ধের এতো বছর পরে এসেও এখনও সঠিক মুক্তিযোদ্ধার তালিকা প্রণয়ন করতে না পারার আমাদের জন্য দুঃখজনক। তার স্ত্রী জাহানারা বেগম বলেন, উনি খুব অসুস্থ, ৮৫ বছর বয়স হয়েছে। ক্যান্সারসহ অনেক জটিল রোগে আক্রান্ত। দেশে চিকিৎসা চলছে। বিদেশে নিয়ে চিকিৎসা করাতে চাইলে তিনি শেষ জীবনে দেশে চিকিৎসা নিতে চান বলে জানান। যার কারণে বাইরে নেওয়া হয়নি। এইভাবে চলছে।

**মো. শাহজাহান ওমর বীর উত্তম**

পাকিস্তানি সেনাবাহিনীর সেনাকর্মকর্তা মো. শাহজাহান ওমর ১৯৭১ সালে পাকিস্তানের শিয়ালকোটে কর্মরত ছিলেন। আগস্ট মাসের মাঝামাঝি সেখান থেকে পালিয়ে ভারতে যান এবং যুদ্ধে যোগ দেন। তাঁকে ৯ নম্বর সেক্টরের টাকি সাবসেক্টরের বরিশাল বেইজের অধিনায়ক হিসেবে নিয়োগ দেওয়া হয়। তিনি বরিশাল এলাকায় একের পর এক পাকিস্তানি সেনাদের ওপর আক্রমণ চালিয়ে তাদের দিশেহারা করে তোলেন। নলছিটি উপজেলার চাচৈর যুদ্ধের কয়েক দিন পর রাজাপুরের যুদ্ধে তিনি আহত হন। ২৬ই মার্চ, ১৬ ডিসেম্বর আসলে আমাদের ফোন করা হয়। অর্থাৎ দিবসে আটকে আছে মুক্তিযুদ্ধ ও মুক্তিযোদ্ধারা।

বিভিন্ন দিবস কেন্দ্রিক মুক্তিযোদ্ধাদের স্মরণ করা নিয়ে বিরক্ত শাহজাহান ওমর বীর উত্তম। তিনি ভয়েস অফ আমেরিকাকে বলেন, "২৬ই মার্চ, ১৬ ডিসেম্বর আসলে আমাদের ফোন করা হয়। তখন এটা-ওটা জানতে চাওয়া হয়। অর্থাৎ দিবসে আটকে আছে মুক্তিযুদ্ধ ও মুক্তিযোদ্ধারা। এইগুলো নিয়ে এখন আর কথা বলতে ভালো লাগে না।" এর বাইরে আর কোন কথা বলতে রাজি হননি এই মুক্তিযোদ্ধা।

**এ কে খন্দকার বীর উত্তম**

বীর উত্তম আবদুল করিম খন্দকার (এ কে খন্দকার) ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে মুক্তিবাহিনীর উপপ্রধান হিসেবে দায়িত্ব পালন করেন। মুক্তিযুদ্ধে তাঁর ভূমিকা বহুমাত্রিক। বিশেষত, মুক্তিবাহিনীর বিমানবাহিনী গঠনে তাঁর ভূমিকা ছিল অনন্য। ১৬ই ডিসেম্বর পাকিস্তানি সেনাবাহিনীর আনুষ্ঠানিক আত্মসমর্পণ অনুষ্ঠানে তিনি মুক্তিবাহিনীর পক্ষে প্রতিনিধিত্ব করেন। কিন্তু ২০১৪ সালে মুক্তিযুদ্ধ নিয়ে তার লেখা '১৯৭১: ভেতরে বাইরে' বইটিতে বিতর্কিত তথ্য দেওয়ার জন্য চাপে পড়েন। পরবর্তীতে ক্ষমা চেয়ে বইয়ের বিতর্কিত অংশ প্রত্যাহার করে নেন। সেই থেকে অনেকটা আড়ালে চলে যান এই বীর উত্তম। ২২ মার্চ মোবাইলে ফোনের নিজের শারীরিক অবস্থা সম্পর্কে জানতে চাওয়া হলে একে খন্দকার বলেন, কিছু সমস্যা থাকলেও ভালো আছেন। কিন্তু মুক্তিযুদ্ধ সম্পর্কে জানতে চাইলে- এইগুলো পুরাতন বিষয় বলে এড়িয়ে যান এবং কোনও কথা বলতে রাজি হননি। তবে মতিউর রহমানের লেখা, একাত্তরের বীরযোদ্ধা: খেতাব পাওয়া মুক্তিযোদ্ধাদের বীরত্বগাথা দ্বিতীয় খণ্ডে, নিজের মুক্তিযুদ্ধে অংশ নেওয়ার প্রসঙ্গে এ কে খন্দকার উল্লেখ করেন, ২৫ মার্চের ক্র্যাকডাউনের পর আমি নিজেকে পাকিস্তান বিমানবাহিনীর সদস্য হিসেবে মেনে নিতে পারছিলাম না। আমি ফ্লাইট লেফটেন্যান্ট মারগুবের সঙ্গে যোগাযোগ করে ৩ এপ্রিল স্বাধীনতা যুদ্ধে যাওয়ার চেষ্টা করলাম। কিন্তু যোগাযোগ ব্যবস্থার জন্য যেতে পারিনি। ১৫ মে আগরতলায় পৌঁছি। ১৬ মে সকালে কলকাতার উদ্দেশে রওনা হই। কর্নেল ওসমানীর (আতাউল গনি ওসমানী, পরে জেনারেল) সঙ্গে দেখা হয়।

**কাদের সিদ্দিকী বীর উত্তম**

১৯৭১ সালে বঙ্গবীর আবদুল কাদের সিদ্দিকী শিক্ষার্থী ছিলেন। তার সামরিক প্রশিক্ষণও ছিল। স্কুলে পড়াকালে তিনি পাকিস্তানি সেনাবাহিনীর ইস্ট বেঙ্গল রেজিমেন্টে যোগ দিয়েছিলেন। প্রশিক্ষণ শেষে সেনাবাহিনীতে কিছুদিন চাকরি করেন। ১৯৬৭ সালে চাকরি ছেড়ে দিয়ে আবার শিক্ষাজীবনে ফিরে যান। যুদ্ধ চলাকালে টাঙ্গাইলের মুক্তিযোদ্ধাদের নিয়ে গড়ে ওঠে কাদেরিয়া বাহিনী। আবদুল কাদের সিদ্দিকী বাহিনীর সামরিক প্রধান এবং আনোয়ার-উল-আলম শহিদ বেসামরিক প্রধান ছিলেন। ওই সময়ে কাদেরিয়া বাহিনীর মুক্তিযোদ্ধারা টাঙ্গাইলে পাকিস্তানি সেনাবাহিনীর বিরুদ্ধে অসংখ্য সরাসরি যুদ্ধ ও অ্যামবুশ যুদ্ধ করেন। এর মধ্যে ধলাপাড়ার অ্যামবুশ অন্যতম। ১৬ আগস্ট কালিহাতী

উপজেলার ধলপাড়ার কাছাকাছি একটি স্থানে মুক্তিযোদ্ধাদের পাল্টা আক্রমণে পাকিস্তানি সেনারা পিছু হটছিল। পলায়নরত পাকিস্তানি সেনাদের আক্রমণ করতে উত্তেজিত হয়ে শোয়া অবস্থা থেকে উঠে পড়েন কাদের সিদ্দিকী। দাঁড়িয়ে এলএমজি দিয়ে পলায়নপর পাকিস্তানি সেনাদের লক্ষ্য করে গুলি করতে থাকেন। হঠাৎ পাকিস্তানি সেনাদের ছোড়া গুলিতে আহত হন তিনি। সহযোদ্ধারা তাঁকে দ্রুত চিকিৎসকের কাছে নিয়ে যান। পরে উন্নত চিকিৎসার জন্য ভারতে পাঠানো হয় তাঁকে। বর্তমানে মুক্তিযুদ্ধ ও নিজের বীরত্ব নিয়ে কথা বলতে রাজি নয় কাদের সিদ্দিকী। ২২ মার্চ ভয়েস অফ আমেরিকার পক্ষ থেকে ফোন করা হলে তিনি বলেন,মুক্তিযুদ্ধের ৫৩ বছর পরে এসে এই বিষয়ে কোনও কথা বলতে চাই না।

**হারুন আহমেদ চৌধুরী বীর উত্তম**

পাকিস্তানি সেনাবাহিনীর ক্যাপ্টেন হারুন আহমেদ চৌধুরী ইপিআরে ছিলেন। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় চট্টগ্রাম ইপিআর সেক্টরের অধীন ১৭ নম্বর উইংয়ের সহ-উইং কমান্ডার ছিলেন। ২৫ই মার্চ রাতেই ১৭ উইংয়ে কর্মরত বাঙালি ইপিআর সদস্যরা তাঁর নেতৃত্বে বিদ্রোহ করে কালুরঘাটে সমবেত হন। বর্তমানে এই বীর উত্তম দেশের বাইরে থাকেন বলে জানা গেছে।

খেতাব পাওয়া মুক্তিযোদ্ধাদের বীরত্বগাথা বইয়ে হারুন আহমেদ চৌধুরী মুক্তিযুদ্ধের বীরত্বে প্রসঙ্গে বর্ণনা পাওয়া যায় যে --- চট্টগ্রাম শহর দখলের পর পাকিস্তানি সেনাবাহিনীর একটি বড় দল ১১ এপ্রিল সকালে অগ্রসর হয় কালুরঘাট অভিমুখে। পাকিস্তানি সেনাবাহিনী আর্টিলারি, মর্টার ও নৌবাহিনীর গান ফায়ারের সাপোর্ট নিয়ে মুক্তিযোদ্ধাদের ওপর প্রচণ্ড আক্রমণ শুরু করে। এরপর পাকিস্তানি সেনাবাহিনী দ্রুত অগ্রসর হয় সেতুর দিকে। হারুন আহমেদ চৌধুরী তাঁর দল নিয়ে ছিলেন সেতু এলাকায়। তাঁরা পাকিস্তানি সেনাবাহিনীর আকস্মিক আক্রমণের শিকার হন। একদম কাছাকাছি দূরত্বে দুই পক্ষের মধ্যে যুদ্ধ শুরু হয়ে যায়। মুক্তিযোদ্ধা সেখানে মাত্র ৩৫ জন। অন্যদিকে পাকিস্তানি সেনা কমপক্ষে ১০০ জন। হারুন আহমেদ চৌধুরী বিচলিত হননি। সাহসের সঙ্গে পরিস্থিতি মোকাবিলা করতে থাকলেন। কিন্তু বেশিক্ষণ পারলেন না। পাকিস্তানি সেনাদের ছোড়া একটি গুলি এসে লাগল তাঁর পেটে। সেতুর ওপর তিনি লুটিয়ে পড়েন। সৌভাগ্যক্রমে সেইদিন তিনি বেঁচে যান।

**মোঃ জালাল উদ্দিন বীর উত্তম**

বীর উত্তম মোঃ জালাল উদ্দিন বর্তমানে অসুস্থ বলে জানা যায়। ফোন করা হলে তিনি অসুস্থ কথা বলতে পারবেন না, বলে জানানো হয়। মো. জালাল উদ্দীন পাকিস্তানি নৌবাহিনীতে চাকরি করতেন। ১৯৭১ সালে কর্মরত ছিলেন চট্টগ্রামে। মুক্তিযুদ্ধ শুরু হলে যোগ দেন যুদ্ধে। পরে ভারতে যান। মে মাসে তাঁকে মুক্তিবাহিনীর নৌ-কমান্ডো দলে অন্তর্ভুক্ত করা হয়। বেশ কয়েকটি অপারেশনে অংশ নেন। মুক্তিযুদ্ধের চূড়ান্ত পর্যায়ে 'অপারেশন হটপ্যান্টস' অভিযানেও (৭-১০ ডিসেম্বর) তিনি অংশ নেন। ১০ ডিসেম্বর মিত্রবাহিনীর বিমান ভুলক্রমে তাঁদের গানবোটে বোমা ফেলে। এতে তাঁদের গানবোট ধ্বংস হয়ে যায়। তিনি আহত হন।

যাদের সাথে কথা বলা সম্ভব হয়নি

জীবিত বীর উত্তমদের মধ্যে মোহাম্মদ আজিজুর রহমান, এম এইচ সিদ্দিকী, রফিকুল ইসলাম সঙ্গে কথা বলা সম্ভব হয়নি।

বর্তমানে সংসদ সদস্য দুই জন বীর উত্তম। গত ৭ জানুয়ারি অনুষ্ঠিত দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে অংশ নেন ৩ জন বীর উত্তম। তার মধ্যে নির্বাচনে জয়লাভ করে সংসদ সদস্য নির্বাচিত হন শাহজাহান ওমর ও রফিকুল ইসলাম। আর নির্বাচনে পরাজিত হন বঙ্গবীর কাদের সিদ্দিকী। এর আগে কাদের সিদ্দিকী, কাজী মুহাম্মদ সফিউল্লাহ, এ কে খন্দকার সহ একাধিক বীর উত্তম সংসদ সদস্য ও মন্ত্রী ছিলেন।

খেতাব বাতিল এক বীর উত্তমের

২০১২ সালে এক প্রজ্ঞাপনে ১৯৭৫ সালের ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সহ অন্যদের হত্যা মামলায় সাজাপ্রাপ্ত আত্মস্বীকৃত খুনি লে. কর্নেল শরিফুল হক ডালিমের খেতাব বাতিল করা হয়।

(ভোয়া ওয়েব পেজ: ২৬.০৩.২০২৪ রুবাইয়া)

## বাংলাদেশ: যথাযথ মর্যাদায় স্বাধীনতা দিবস উদ্‌যাপন, বিনম্র শ্রদ্ধায় শহিদদের স্মরণ

বাংলাদেশের স্বাধীনতা দিবস ২৬ই মার্চ। রাজধানী ঢাকার অদূরে, সাভার জাতীয় স্মৃতিসৌধে বীর শহিদদের শ্রদ্ধা নিবেদনসহ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন করা হয়, বাংলাদেশের ৫৪তম স্বাধীনতা দিবস। মঙ্গলবার (২৬ই মার্চ) প্রত্যুষে রাজধানী ঢাকাসহ সারা দেশে ৩১ বার তোপধ্বনির মাধ্যমে স্বাধীনতা দিবসের সূচনা হয়। সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং বাংলাদেশ সফররত ভুটানের রাজা জিগমে খেসার নামগিয়েল ওয়াংচুক স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন। পরে, বিদেশি কূটনীতিক, বিভিন্ন রাজনৈতিক ও সামাজিক সংগঠনসহ সর্বস্তরের জনগণ স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে মুক্তিযুদ্ধের বীর শহিদদের প্রতি শ্রদ্ধা জানান। স্বাধীনতা দিবসে সব সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি ভবনে সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। রাজধানী ঢাকাসহ বিভিন্ন শহরের প্রধান সড়ক ও সড়ক-দ্বীপসমূহ জাতীয় পতাকা ও ফেস্টুন দিয়ে সজ্জিত করা হয়। প্রথামতে, দিবসটি উপলক্ষ্যে, রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী বাণী দিয়েছেন। বাংলাদেশ শিল্পকলা একাডেমি, বাংলা

একাডেমি, জাতীয় জাদুঘর, মুক্তিযুদ্ধ জাদুঘর, বাংলাদেশ শিশু একাডেমিসহ বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন মুক্তিযুদ্ধ ভিত্তিক আলোচনা, সাংস্কৃতিক অনুষ্ঠান, শিশুদের চিত্রাঙ্কন, রচনা ও ক্রীড়া প্রতিযোগিতা, মুক্তিযুদ্ধ ভিত্তিক প্রামাণ্যচিত্র এবং চলচ্চিত্র প্রদর্শনের আয়োজন করে। ধর্মীয় প্রতিষ্ঠানসমূহে দেশের শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে বিশেষ দোয়া ও উপাসনার আয়োজন করা হয়। জেলা ও উপজেলা পর্যায়ে ও বিদেশে অবস্থিত বাংলাদেশের বিভিন্ন দূতাবাসেও স্বাধীনতা দিবসের তাৎপর্য তুলে ধরে অনুরূপ কর্মসূচি পালন করা হয়।

**রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও ভুটানের রাজার শ্রদ্ধা**

রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভুটানের রাজা জিগমে খেসার নামগিয়েল ওয়াংচুক মুক্তিযুদ্ধে শহিদদের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন। মঙ্গলবার (২৬ই মার্চ) সকালে স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন তারা। রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন ও ভুটানের রাজা জিগমে খেসার নামগিয়েল ওয়াংচুক প্রথমে স্মৃতিসৌধের বেদিতে শ্রদ্ধা নিবেদন করেন। পরে প্রধানমন্ত্রী শেখ হাসিনা পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। পুষ্পস্তবক অর্পণের পর মুক্তিযুদ্ধের শহিদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাতে সেখানে কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থাকেন রাষ্ট্রপতি, ভুটানের রাজা ও প্রধানমন্ত্রী। এ সময় বাংলাদেশ সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমান বাহিনীর একটি চৌকস দল রাষ্ট্রীয় সালাম জানায়। পরে, আওয়ামী লীগের জ্যেষ্ঠ নেতাদের সঙ্গে নিয়ে ক্ষমতাসীন দলের প্রধান হিসেবে শেখ হাসিনা স্মৃতিসৌধের বেদিতে আরেকটি পুষ্পস্তবক অর্পণ করেন। ভুটানের রাজা, বাংলাদেশের রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী দর্শনার্থী বইয়ে সই করেন। ১৯৭১ সালের ২৫ই মার্চ মধ্যরাতে পাকিস্তানি হানাদার বাহিনী নিরস্ত্র বাঙালির ওপর হত্যাযজ্ঞ শুরু করার পর, ২৬ই মার্চ প্রথম প্রহরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন। দীর্ঘ ৯ মাসের রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধের মাধ্যমে ৩০ লাখ মানুষের আত্মত্যাগ এবং দুই লাখ নারীর সম্ভ্রমের বিনিময়ে ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর বাংলাদেশ অর্জন করে কাঙ্ক্ষিত স্বাধীনতা।

**বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে প্রধানমন্ত্রীর শ্রদ্ধা**

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সাভারে জাতীয় স্মৃতিসৌধ থেকে ফিরে, প্রধানমন্ত্রী ঢাকার ধানমন্ডি-৩২ নম্বরে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সামনে, বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। পুষ্পস্তবক অর্পণের পর বাংলাদেশের স্বাধীনতার স্থপতি বঙ্গবন্ধুর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাতে সেখানে কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থাকেন তিনি। পরে, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে কিছু সময়ের জন্য অবস্থান করেন শেখ হাসিনা। এছাড়া, আওয়ামী লীগের কেন্দ্রীয় নেতাদের সঙ্গে নিয়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে আরেকটি পুষ্পস্তবক অর্পণ করেন শেখ হাসিনা।

**মুক্তিযোদ্ধাদের শুভেচ্ছা**

স্বাধীনতা ও জাতীয় দিবসে, দেশের সব মুক্তিযোদ্ধাকে শুভেচ্ছা জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ঢাকার মোহাম্মদপুরের গজনবী রোডের যুদ্ধাহত মুক্তিযোদ্ধা পুনর্বাসন কেন্দ্রে যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের জন্য ফুল, ফল ও মিষ্টি পাঠিয়ে তাদের শুভেচ্ছা জানান শেখ হাসিনা।প্রধানমন্ত্রীর প্রেস উইং-এর এক বিজ্ঞপ্তিতে বলা হয়, প্রধানমন্ত্রীর পক্ষে তার সহকারী একান্ত সচিব গাজী হাফিজুর রহমান লিকু ও সহকারী প্রেস সচিব এবিএম সরওয়ার-ই-আলম সরকার স্বাধীনতা দিবসের সকালে মুক্তিযোদ্ধাদের হাতে এসব সামগ্রী হস্তান্তর করেন। স্বাধীনতা দিবস, বিজয় দিবস, দুই ঈদ ও পহেলা বৈশাখ এবং প্রতিটি জাতীয় দিবস ও উৎসবে তাদের স্মরণ করায়, মুক্তিযোদ্ধারা প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান। মুক্তিযোদ্ধারা নতুন প্রজন্মের কাছে স্বাধীনতার সঠিক ইতিহাস তুলে ধরার জন্য শেখ হাসিনাকে ধন্যবাদ জানান। মুক্তিযোদ্ধাদের ভাতা বৃদ্ধি ও আবাসনের ব্যবস্থা করায় প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন তারা।

**স্মারক ডাকটিকিট অবমুক্ত**

স্বাধীনতা দিবস উপলক্ষ্যে একটি স্মারক ডাকটিকিট অবমুক্ত করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মঙ্গলবার (২৬ই মার্চ) গণভবনে এক অনুষ্ঠানে ১০টাকা মূল্যমানের স্মারক ডাকটিকিট, ১০ টাকা মূল্যমানের উদ্বোধনী খাম এবং ৫ টাকা মূল্যের ডাটা কার্ড অবমুক্ত করেন। এ উপলক্ষ্যে একটি বিশেষ সিলমোহর ব্যবহার করা হয়। ডাকটিকিট, উদ্বোধনী খাম ও ডাটা কার্ড ঢাকা জিপিওর ফিলাটেলিক ব্যুরো থেকে বিক্রি শুরু হয়েছে। পরবর্তীতে, দেশের অন্যান্য জিপিও এবং প্রধান ডাকঘরে এগুলো পাওয়া যাবে। (ভোয়া ওয়েব পেজ: ২৬.০৩.২০২৪ রুবাইয়া)

## স্বাধীনতা দিবসে বাংলাদেশের জনগণকে উষ্ণ শুভেচ্ছা জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ব্লিংকেন

যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিংকেন ২৬ই মার্চ স্বাধীনতা দিবস উপলক্ষ্যে, বাংলাদেশের জনগণকে অভিনন্দন জানিয়েছেন। যুক্তরাষ্ট্রের পক্ষে, এই বিশেষ দিনে বাংলাদেশের জনগণকে উষ্ণ শুভেচ্ছা জানান ব্লিংকেন। এক বিবৃতিতে তিনি বলেন, যুক্তরাষ্ট্র আগামী দিনগুলোতে দুই দেশের মধ্যে অংশীদারিত্ব ও জনগণ থেকে জনগণের সম্পর্ক জোরদারের প্রত্যাশায় রয়েছে। জলবায়ু পরিবর্তন মোকাবেলা, অর্থনৈতিক উন্নয়ন এগিয়ে নেয়া, রোহিঙ্গা শরণার্থী সংকটে সাড়া দেয়া বিশ্বব্যাপী শান্তিরক্ষা কার্যক্রমে সহায়তা ও বৈশ্বিক স্বাস্থ্য চ্যালেঞ্জ মোকাবেলাসহ চলমান সবচেয়ে গুরুত্বপূর্ণ ইস্যুতে বাংলাদেশের সঙ্গে অংশীদার হতে পেরে যুক্তরাষ্ট্র গর্বিত বিবৃতিতে বলেন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী। পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিংকেন আরো বলেন, অবাধ, উন্মুক্ত, নিরাপদ ও সমৃদ্ধ ইন্দো-প্যাসিফিক অঞ্চল নিশ্চিত করতে এই অংশীদারিত্ব গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বাংলাদেশ তার স্বাধীনতার আরো একটি বছর উদযাপন করছে। তাই

আমরা গণতান্ত্রিক শাসন ব্যবস্থা জোরদার ও মানবাধিকার রক্ষায় আমাদের অঙ্গীকার পুনর্ব্যক্ত করছি ব্লিংকেন যোগ করেন বিবৃতিতে। এই প্রচেষ্টাগুলো বাংলাদেশের সমৃদ্ধি আরো বাড়াবে বলে উল্লেখ করেন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিংকেন। ভোয়া ওয়েব পেজ: ২৬.০৩.২০২৪ রুবাইয়া)

## রেডিও তেহরান

### তেহরানের বাংলাদেশ দূতবাসে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস পালিত

তেহরানের বাংলাদেশ দূতাবাসে ৫৪তম মহান স্বাধীনতা ও জাতীয় দিবস পালিত হয়েছে। রাষ্ট্রদূত মঞ্জুরুল করিম খান চৌধুরী বলেন, প্রকৃত অর্থে বাংলাদেশ এখন আন্তর্জাতিক ক্ষেত্রে একটি রোল মডেল। তবে তিনি আর্থ-সামাজিক ক্ষেত্রে নানা চ্যালেঞ্জের কথা উল্লেখ করেন। (রেডিও তেহরান: ২০৩০ ২৬.০৩.২০২৪ এলিনা, গাজী আবদুর রশীদ)

### বাংলাদেশে ৫৪তম মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপিত

বাংলাদেশে আজ ৫৪তম মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন করা হয়েছে। স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণীতে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা দিবসটি উপলক্ষ্যে জাতির উদ্দেশে ভাষণ দিয়েছেন। জাতির উদ্দেশে ভাষণে প্রধানমন্ত্রী বলেন, আজকে ২০২৪ সালে স্বাধীনতার ৫৪তম বার্ষিকীতে আমি দ্ব্যর্থহীনভাবে বলতে চাই—আমরা দেশবাসীর প্রত্যাশা অনেকাংশেই পূরণ করতে সক্ষম হয়েছি। বাংলাদেশ আজ আর্থ-সামাজিক উন্নয়নের ক্ষেত্রে উন্নয়নশীল বিশ্বে একটি উজ্জ্বল দৃষ্টান্ত। আমরা প্রমাণ করেছি রাজনৈতিক সদিচ্ছা এবং সঠিক পরিকল্পনার মাধ্যমে সীমিত সম্পদ দিয়েও একটি দেশকে এগিয়ে নেওয়া যায়। এদিকে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষ্যে ভুটানের রাজা জিগমে খেসার নামগেল ওয়াংচুককে সঙ্গে নিয়ে কেক কাটলেন রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
(রেডিও তেহরান: ২০৩০ ২৬.০৩.২০২৪ এলিনা, গাজী আবদুর রশীদ)

## এনএইচকে

### জাপান রেকর্ড ৩০৩ জন শরণার্থীকে স্বীকৃতি দিয়েছে যাদের বেশিরভাগই আফগানিস্তান থেকে এসেছেন

জাপান গত বছর রেকর্ড সর্বোচ্চ ৩০৩ জনকে শরণার্থী হিসেবে স্বীকৃতি দিয়েছে। অভিবাসন পরিষেবা এজেন্সি জানাচ্ছে ২০২৩ সালে ১৩ হাজার ৮২৩ জন বিদেশি নাগরিক শরণার্থী মর্যাদার জন্য আবেদন করেন, যা এর আগের বছরের তুলনায় ১০ হাজারেরও বেশি বৃদ্ধি। এই বৃদ্ধি আংশিকভাবে করোনা ভাইরাস মহামারি পরবর্তী সীমান্ত নিয়ন্ত্রণ সহজ করার কারণে হয়। শরণার্থী মর্যাদা দেওয়া লোকের সংখ্যা আগের বছরের তুলনায় ১০১ জন বেড়েছে এবং ১৯৮২ সালে রেকর্ড রাখা শুরু হওয়ার পর থেকে এটি ছিল সর্বোচ্চ। দেশ ভিত্তিতে ২০২১ সালে তালেবানরা ক্ষমতা দখল করে নেয়া আফগানিস্তান থেকে ছিলেন ২৩৭ জন শরণার্থী, সেনাবাহিনী এবং গণতন্ত্রপন্থী গোষ্ঠীগুলোর মধ্যে সংঘর্ষ চলতে থাকা মিয়ানমার থেকে ছিলেন ২৭ জন শরণার্থী এবং ইথিওপিয়া থেকে ছিলেন ৬ জন শরণার্থী। এছাড়াও, ১ হাজার ৫ জনকে মানবিক কারণে জাপানে থাকার অনুমতি দেওয়া হয়, যদিও তাদের শরণার্থী মর্যাদা দেওয়া হয়নি। ফেব্রুয়ারি মাসের শেষ পর্যন্ত, যুদ্ধ থেকে পালিয়ে আসা লোকদের রক্ষা করার জন্য ডিসেম্বর মাসে শুরু হওয়া একটি ব্যবস্থার অধীনে ৬৪৭ জনকে স্বীকৃতি দেওয়া হয়। বিচার মন্ত্রী কোইযুমি রিউজি বলেন যে তিনি আরও নিরাপদে, দ্রুত এবং স্থিতিশীলভাবে এমন লোকদের রক্ষা করতে সক্ষম হওয়ার জন্য প্রচেষ্টা চালানোর আশা করছেন, যাদের সুরক্ষা প্রদান করা উচিত।
(এনএইচকে ওয়েব পেজ: ২৬.০৩.২০২৪ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### মানবাধিকারে জোর যুক্তরাষ্ট্রের, কৌশলগত অংশীদারত্বে চীন

বাংলাদেশের স্বাধীনতা দিবসের শুভেচ্ছায় গণতান্ত্রিক শাসন ব্যবস্থায় জোর দিলেন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী। চীনের প্রেসিডেন্ট কৌশলগত অংশীদারত্ব বৃদ্ধি এবং রাশিয়ার প্রেসিডেন্ট শক্তিশালী আঞ্চলিক নিরাপত্তার কথা বলেছেন। স্বাধীনতা দিবস উপলক্ষ্যে বাংলাদেশের জনগণকে শুভেচ্ছা জানিয়েছেন মার্কিন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিঙ্কেন। এক বিবৃতিতে তিনি বলেন, জলবায়ু পরিবর্তন মোকাবিলা, অর্থনৈতিক উন্নয়ন, রোহিঙ্গা শরণার্থী সংকট, বিশ্বজুড়ে শান্তিমিশন এবং বিশ্ব স্বাস্থ্য সমস্যা মোকাবিলাসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ ইস্যুতে বাংলাদেশেন অংশীদার হিসেবে যুক্তরাষ্ট্র গর্বিত। তিনি বলেন, "অবাধ, মুক্ত, নিরাপদ এবং উন্নত ইন্দো-প্যাসিফিক অঞ্চল গড়ার জন্য আমাদের অংশীদারিত্ব গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বাংলাদেশ আরেকটি স্বাধীনতা দিবসের উদ্‌যাপনে গণতান্ত্রিক শাসন ব্যবস্থা জোরদার ও মানবাধিকার রক্ষায় আমাদের অঙ্গীকার পুনর্ব্যক্ত করছি। এই প্রচেষ্টাগুলোয় বাংলাদেশের সমৃদ্ধি আরও বাড়াবে।" সামনের দিনে বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে সম্পর্ক ও দুই দেশের মানুষের বন্ধন আরো দৃঢ় হবে বলেও আশা প্রকাশ করেন তিনি।

বাংলাদেশকে শুভেচ্ছা জানিয়েছে চীনও। দেশটির প্রেসিডেন্ট শি জিনপিং বাংলাদেশের রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিনকে এ উপলক্ষ্যে অভিনন্দন বার্তা পাঠিয়েছেন বলে জানিয়েছে বাংলাদেশের ডয়চে ভেলের কনটেন্ট পার্টনার দ্য ডেইলি স্টার। চিঠিতে তিনি বলেন, গত ৫৩ বছরে বাংলাদেশ তার স্বাধীনতা দৃঢ়ভাবে সমুন্নত, অর্থনীতির উন্নয়ন ও জনগণের

জীবনযাত্রার উন্নয়নে প্রচেষ্টা চালিয়েছে এবং 'সোনার বাংলার' স্বপ্ন বাস্তবায়নের দৃঢ় ভিত্তি স্থাপন করে উল্লেখযোগ্য অর্জন করেছে। চীন ও বাংলাদেশ ঐতিহ্যগতভাবে বন্ধুত্বপূর্ণ প্রতিবেশী এবং দুই দেশের মধ্যে বন্ধুত্ব দৃঢ় থেকে দৃঢ় হয়েছে বলে উল্লেখ করেন তিনি। শি জিনপিং জোর দিয়ে বলেন, তিনি চীন-বাংলাদেশ সম্পর্কের উন্নয়নে অত্যন্ত গুরুত্ব দেন এবং বেল্ট অ্যান্ড রোড সহযোগিতা আরও এগিয়ে নিতে এবং চীন-বাংলাদেশ কৌশলগত অংশীদারত্ব আরও গভীর করতে কাজ করতে প্রস্তুত রয়েছেন।

পুটিনের বার্তা স্বাধীনতা দিবস উপলক্ষ্যে বাংলাদেশের প্রধানমন্ত্রী ও প্রেসিডেন্টকে টেলিগ্রাম বার্তা পাঠিয়েছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। ঐতিহ্যগতভাবে রাশিয়া-বাংলাদেশ সম্পর্ক বন্ধুত্বের চেতনায় বিকশিত বলে উল্লেখ করেন তিনি। বলেন, "আমি নিশ্চিত যে পারস্পরিক প্রচেষ্টার মাধ্যমে আমরা আমাদের জনগণের জন্য উন্নয়ন এবং শক্তিশালী আঞ্চলিক নিরাপত্তা ও স্থিতিশীলতার স্বার্থে আরো অবদান রাখব।"

এছাড়া বাংলাদেশের প্রধানমন্ত্রীকে পৃথক শুভেচ্ছা বার্তা পাঠিয়েছেন রাশিয়ার প্রধানমন্ত্রী মিখাইল মিশুস্টিন। সেখানে তিনি দুই দেশের উত্তরোত্তর বাণিজ্য ও অর্থনৈতিক সম্পর্কের কথা উল্লেখ করেন।

(ডয়চে ভেলে ওয়েব পেজ : ২৬.০৩.২০২৪ নারগীস)

## বেতন-বোনাস নিয়ে পোশাক কারখানায় অস্থিরতার শঙ্কা

ইদের আগে বেতন-বোনাস নিয়ে ৪১৬টি তৈরি পোশাক কারখানায় অস্থিরতা দেখা দিতে পারে। শিল্পাঞ্চলের নিরাপত্তার দায়িত্বে থাকা পুলিশের বিশেষায়িত ইউনিট শিল্প পুলিশের এক প্রতিবেদনে এই চিত্র উঠে এসেছে। গার্মেন্ট মালিকেরা বলছেন, সরকারের প্রণোদনার টাকা না পেলে এই সংখ্যা আরও বেড়ে যেতে পারে।

মালিকেরা বলছেন, এবার তিনটি কারণে সংকট হতে পারে। এর মধ্যে আছে, প্রথমত, গত দেড় বছরে অর্ডার অনেক কমে গেছে। এখন কারখানাগুলো সক্ষমতার ৫০ থেকে ৬০ ভাগ উৎপাদনে রয়েছে। ফলে মালিকদের ভর্তুকি দিয়ে প্রতিষ্ঠান চালাতে হচ্ছে। দ্বিতীয়, ব্যাংকগুলো গার্মেন্ট মালিকদের সহযোগিতা করছে না। আর তৃতীয়ত, কাস্টমসের অহেতুক ঝামেলার কারণে শিপমেন্টের সময় ফেল করছেন তারা। ৭ থেকে ১০ দিন মাল ফেলে রাখছে। এর ফলে ঠিকমতো টাকাও আসছে না। তৈরি পোশাক শিল্পে বিজিএমইএর কারখানা রয়েছে ১ হাজার ৫৮৯টি, বিকেএমইএর ৬২৮টি, বিটিএমএর ৩৫৬টি, বেপজার ৩৮৩টি ও অন্যান্য কারখানা রয়েছে ৬৫১টি। এসব কারখানা থেকে তথ্য সংগ্রহ করে প্রতিবেদন তৈরি করেছে শিল্প পুলিশ। তাদের তথ্যানুযায়ী, ইদের আগে বেতন না হওয়ার সম্ভাবনা রয়েছে ১৩১টি কারখানায়। বোনাস না হতে পারে ১০৮টি, বেতন-বোনাস দুটিই না হওয়ার সম্ভাবনা রয়েছে ১৭৭টিতে। সব মিলিয়ে সংকট হতে পারে এমন কারখানার সংখ্যা ৪১৬টি। উদ্ভূত পরিস্থিতিতে সোমবার বিজিএমইএ, বিকেএমইএ, বিটিএমএর নেতৃবৃন্দ এবং বেপজা, কলকারখানা অধিদপ্তর, শ্রম অধিদপ্তরের প্রতিনিধিদের নিয়ে বৈঠকে বসেছিল শিল্প পুলিশ। সেখানেও আলোচনায় এই সংকটগুলো উঠে এসেছে।

জানতে চাইলে শিল্প পুলিশের প্রধান অতিরিক্ত আইজিপি মো. মাহাবুবুর রহমান ডয়চে ভেলেকে বলেন, "আমরা তো মালিকদের নির্দেশনা দিতে পারি না, অনুরোধ করেছি। আমরা একটি তালিকা করেছি, সেখানে যে-সব ফ্যাক্টরিতে সংকট হতে পারে সেগুলো তাদের জানিয়েছি। মালিকেরা বলেছেন, শ্রমিকদের বেতন এবং ভাতা ইদের আগে তারা পরিশোধ করবেন। অধিকাংশ কারখানাই যথাসময়ে পরিশোধ করতে সক্ষম হবে। তবে কেউ কেউ ব্যর্থ হতে পারেন। নানা সংকটের কারণে অতীতে যারা কখনো ব্যর্থ হয়নি তারাও এবার তাদের সংকট হওয়ার সম্ভাবনা রয়েছে। আমরা তাদের বিকল্প উপায়ে বেতন-বোনাস পরিশোধের জন্য বলেছি।" পুলিশের এই কর্মকর্তা বলেন, "আমরা যে তালিকাটি করেছি, সেখানে কিছু প্রতিষ্ঠান শ্রমিকদের বেতন ভাতা না দিয়েই বন্ধ করে দিয়েছে। আবার ফেব্রুয়ারির বেতন মার্চে হওয়া কথা। এখনো কিছু কারখানায় শ্রমিকেরা ফেব্রুয়ারির বেতন পাননি। মার্চের বেতন এপ্রিলের মাঝামাঝি সময়ে হওয়ার কথা। এবার যেহেতু ইদ হচ্ছে তাই আমরা বলেছি, বোনাস যেন এপ্রিলের প্রথম সপ্তাহে দিয়ে দেওয়া হয় এবং মার্চ মাসের বেতন যেন ইদের ছুটির আগেই পরিশোধ করা হয়। মালিক ও শ্রমিকদের বোঝাপড়ার ভিত্তিতে ইদের ছুটি নির্ধারণ করা হবে। ইদের আগে শ্রমিকদের বেতন-ভাতাকে কেন্দ্র করে কোনো অপশক্তি যেন আইনশৃঙ্খলা অবনতি ঘটাতে না পারে, সে বিষয়েও গোয়েন্দা কার্যক্রম বৃদ্ধি করা হয়েছে।"

শিল্প পুলিশ সূত্রে জানা গেছে, রাজধানীর উপকণ্ঠে তিন পাশে শিল্পাঞ্চল রয়েছে। এই পথ ধরেই ইদে ঘরমুখী মানুষ গ্রামে যাবেন। ইদের আগে বেতন-বোনাস পরিশোধ না করলে শ্রমিকদের মধ্যে অসন্তোষ তৈরি হবে। এতে করে সড়ক অবরোধসহ সহিংসতা হতে পারে। শ্রমিক অসন্তোষ দেখা দিলে দুর্ভোগে পড়তে হবে ঘরমুখো মানুষকে।

বিকেএমইএর নির্বাহী সভাপতি মোহাম্মদ হাতেম ডয়চে ভেলেকে বলেন, "শিল্প পুলিশ যে তালিকা দিয়েছে, আমার ধারণা সংকটের আশঙ্কা আছে আরও বেশি কারখানায়। এখন পর্যন্ত যে আমরা এই সেক্টর টিকিয়ে রেখেছি, সেটাই বড় ব্যাপার। প্রথমত, ১২ টাকার গ্যাসের দাম হয়েছে ৩০ টাকা। বিদ্যুতের দামও বেড়েছে। ৫৬ শতাংশ বেড়েছে শ্রমিকদের বেতনও। এর মধ্যে গত দেড় বছরে রপ্তানি আদেশ কম এসেছে। যাও এসেছে সেগুলো সময়মতো ডেলিভারি করা যাচ্ছে না। কারণ বেশি দাম দিয়েও গ্যাস পাওয়া যাচ্ছে না। এখন প্রতিটি কারখানা সক্ষমতার ৫০ থেকে ৬০ শতাংশ উৎপাদনে আছে। কোনো কারখানা যদি সক্ষমতার ৮০ শতাংশের বেশি উৎপাদনে না থাকে তাহলে কোনোভাবেই প্রতিষ্ঠান লাভজনক হবে না।" আর কী ধরনের সংকট আছে? জানতে চাইলে তিনি বলেন, "ব্যাংকগুলো আমাদের সহযোগিতা

করছে না। আমাদের নগদ প্রণোদনা বাবদ সরকার থেকে সাড়ে পাঁচ হাজার কোটি টাকা পাওনা রয়েছে। ইদের আগে এই টাকা পাবো কিনা জানি না। এটা না পেলে বহু কারখানা বিপদে পড়বে। আমি নিজে অর্থ মন্ত্রণালয়ে কথা বলেছি। কাস্টমসের হয়রানি তো আছেই। বিনা কারণে তারা শিপমেন্ট পিছিয়ে দিচ্ছে। আবার বায়াররাও অনৈতিক সুবিধা নিচ্ছে। পণ্য সেখানে পৌঁছানোর পর তারা খালাস করছে না। দাবি করছে, দুই মাস পর টাকা দেবে, এই শর্তে তারা পণ্য খালাস করবে। বাধ্য হয়ে আমাদের তাদের সেসব শর্ত মেনে নিতে হচ্ছে।"

শিল্প পুলিশের প্রতিবেদনে বলা হয়েছে, "বাংলাদেশে বর্তমানে প্রায় চার হাজারের মতো গার্মেন্ট কারখানা রয়েছে। এতে প্রায় ৪০ লাখ শ্রমিক কাজ করেন। এই খাতে উৎপাদিত পোশাক বিশ্বের প্রায় ১৬৭টি দেশে রফতানি হয়। ২০২২-২৩ অর্থবছরে বাংলাদেশ থেকে প্রায় ৫ হাজার ৫৫৬ কোটি ডলারের পণ্য রফতানি হয়েছে। এর মধ্যে পোশাক রফতানি হয়েছে প্রায় ৪ হাজার ৬৯৯ কোটি ডলার মূল্যমানের, যা রফতানি আয়ের শতকরা ৮৪ দশমিক ৫৭ শতাংশ। ফলে এ খাতে বিশৃঙ্খলা-সৃষ্টি করে বিধি-নিষেধ আরোপ করানো গেলে সরকার অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্ত হবে। দেশবিরোধী একটি শক্তি দেশকে অর্থনৈতিকভাবে পঙ্গু করার চেষ্টা করছে।" এ বিষয়ে জানতে চাইলে অতিরিক্ত আইজিপি মো. মাহাবুবর রহমান ডয়চে ভেলেকে বলেন, "আমরা সতর্ক অবস্থায় আছি। সমাধানের চেষ্টা করছি। কেউ অযাচিত হস্তক্ষেপ করে ঝামেলা সৃষ্টি করতে পারবে না।" বিজিএমইএ'র নবনির্বাচিত কমিটির পরিচালক মহিউদ্দিন রুবেল ডয়চে ভেলেকে বলেন, "শিল্প পুলিশের প্রতিবেদনটি আমরা দেখেছি। এর মধ্যে বিজিএমইএ'র সদস্য আছে ১৩১টি কারখানা। আমরা এর আগেও এসব সমস্যার সমাধান করেছি। এবারও হয়ে যাবে। আমরা বিজিএমইএ থেকে একটি মনিটরিং কমিটি করেছি, তারাও প্রতিনিয়ত পর্যবেক্ষণ করবেন। শেষ মুহূর্তে যে কারখানাগুলো সমস্যা থাকবে, আমরা সেগুলো সমাধান করে ফেলব।" (ডয়চে ভেলে ওয়েব পেজ : ২৬.০৩.২০২৪ নারগীস)

## রেডিও টুডে

### মৌলভীবাজারের বিদ্যুৎস্পৃষ্টের ঘটনায় প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য মানবাধিকার কমিশনের আহ্বান

এগারো হাজার ভোল্টের বিদ্যুতের তারের নিচে একটি টিনের বাড়ি কীভাবে বানানো হয়েছে তা নিয়ে প্রশ্ন তুলেছেন মানবাধিকার কমিশনের চেয়ারম্যান ডক্টর কামালউদ্দিন আহমেদ। এটি নিছক দুর্ঘটনা নাকি কর্তৃপক্ষের দায়িত্বে অবহেলা ছিল তা খতিয়ে দেখার দাবি জানান তিনি। এক্ষেত্রে তদন্তপূর্বক দায়ীদের বিরুদ্ধে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ এবং এমন ঘটনার পুনরাবৃত্তি রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য পল্লী বিদ্যুতের কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান মানবাধিকার কমিশন। (রেডিও টুডে:২১৪৫ ঘ. ২৬.০৩.২০২৪ এলিনা)

### অশুভ শক্তিকে শেখ হাসিনার নেতৃত্বে আমরা প্রতিহত করব : ওবায়দুল কাদের

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, এই দিনে আমাদের শপথ হবে বিএনপির নেতৃত্বে যে সাম্প্রদায়িক অশুভ শক্তি বিজয়কে সংহতকরণে বাধা বা অন্তরায় হয়ে আছে এই অশুভ শক্তিকে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার নেতৃত্বে আমরা প্রতিহত করব, পরাহত করব, পরাজিত করব। মঙ্গলবার সকালে সাভারে জাতীয় স্মৃতিসৌধে শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করতে গিয়ে সাংবাদিকদের এসব কথা বলেন ওবায়দুল কাদের। (রেডিও টুডে:২১৪৫ ঘ. ২৬.০৩.২০২৪ এলিনা)

### আজ ৫৪ তম মহান স্বাধীনতা ও জাতীয় দিবস

আজ ২৬ শে মার্চ। ৫৪ তম মহান স্বাধীনতা ও জাতীয় দিবস। ১৯৭১ সালের ২৫শে মার্চ কালো রাতে পাকিস্তানি সামরিক বাহিনী বাঙালিদের উপর অতর্কিত গণহত্যা অভিযান অপারেশন সার্চ লাইট শুরু এবং বাঙালি জাতির অবিসংবাদিত নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গ্রেফতার করে। গ্রেপ্তারের পূর্বে বঙ্গবন্ধু ২৬শে মার্চ রাতের প্রথম প্রহরে ঢাকায় বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন। বঙ্গবন্ধুর এই ঘোষণা বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন প্রচার মাধ্যমে প্রচারিত হয়। (রেডিও টুডে:৮৪৫ ঘ. ২৬.০৩.২০২৪ আসাদ)

### স্বাধীনতা দিবসে বীর শহিদদের প্রতি রাষ্ট্রপতি প্রধানমন্ত্রী ও ভুটানের রাজার শ্রদ্ধা নিবেদন

মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস উপলক্ষ্যে রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা সাভারে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে মহান মুক্তিযুদ্ধের বীর শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়েছেন। এ সময় ভুটানের রাজা জিগমে খেসার নামগেল ওয়াংচুকও বীর শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা জানান। মঙ্গলবার ভোর ৫:৫৬ মিনিটে স্মৃতিসৌধের বেদিতে পুষ্পক অর্পণ করেন তারা। প্রথমে রাষ্ট্রপতি ও ভুটানের রাজা জাতীয় স্মৃতিসৌধের বেদিতে পুষ্পস্তবক অর্পণ করেন। পরে প্রধানমন্ত্রী পুষ্পস্তবক হিসেবে অর্পণ করেন। এরপর রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের বীর শহিদদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে সেখানে কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থাকেন। বাংলাদেশে সেনা, নৌ ও বিমানবাহিনীর একটি চৌকস দল এ উপলক্ষ্যে রাষ্ট্রীয় সালাম জানায়। এ সময় বিউগলে করুন সুর বেজে ওঠে। শেখ হাসিনা পরে আওয়ামী লীগের সভাপতি হিসেবে দলীয় নেতাদের সঙ্গে আরো একবার জাতীয় স্মৃতিসৌধের বেদিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানান।

(রেডিও টুডে:৮৪৫ ঘ. ২৬.০৩.২০২৪ আসাদ)

## স্বাধীনতা ঘোষণার পাঠক কখনও ঘোষক হতে পারে না: ওবায়দুল কাদের

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, অনেকেই স্বাধীনতার ঘোষণা পাঠ করেছেন। সেখানে জেনারেল জিয়াও বঙ্গবন্ধুর পক্ষে স্বাধীনতার ঘোষণা পাঠ করেছেন। স্বাধীনতা ঘোষণার পাঠক কখনও ঘোষক হতে পারে না। মঙ্গলবার সকালে সাভারে জাতীয় স্মৃতিসৌধের শহিদের প্রতি শ্রদ্ধা নিবেদন শেষে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, আজ আমাদের দেশের স্বাধীনতার ঘোষক নিয়ে বিতর্ক হয়। এত বছর পরও সেই বিতর্ক চলছে। আমাদের বক্তব্য- ঘোষণার পাঠক ঘোষক হতে পারে না। ১৯৭০ সালের নির্বাচনের পর আর কারো কোনো বৈধ অধিকার নেই স্বাধীনতার ঘোষক হাওয়ার। ওবায়দুল কাদের বলেন, আবুল কাশেম, এম এ হান্নানসহ অনেকেই ঘোষণা পাঠ করেছেন। সেখানে জেনারেল জিয়াও বঙ্গবন্ধুর পক্ষে স্বাধীনতার ঘোষণার পাঠ করেছেন। কিন্তু প্রশ্ন হচ্ছে, কে ঘোষক? এ বিতর্কের অবসান তখনই হবে যখন আমরা সত্যের অনুসন্ধান করতে যাব। সেটা হচ্ছে ১৯৭০ সালের নির্বাচনের মধ্য দিয়ে স্বাধীনতা ঘোষণার ম্যান্ডেট এই অঞ্চলের জনগণের পক্ষ থেকে একমাত্র বঙ্গবন্ধুই পেয়েছিল। আর কারো কোনো বৈধ অধিকার নেই স্বাধীনতার ঘোষক হাওয়ার। আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেন, আজ আমাদের শপথ– বিএনপির নেতৃত্বে যে সাম্প্রদায়িক অশুভ শক্তি বিজয়কে সংহতকরণে বাধা বা অন্তরায় হয়ে আছে, এই অপশক্তিকে আমরা শেখ হাসিনার নেতৃত্বে পরাজিত করব, প্রতিহত করব।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২৬.০৩.২০২৪ আসাদ)

## মুক্তিযুদ্ধের ঘোষণা দিয়ে জিয়াউর রহমান কলকাতায় পালিয়ে যাননি: মঈন খান

যে উদ্দেশ্য এবং আদর্শ নিয়ে এদেশে মুক্তিযুদ্ধ হয়েছে তা রক্ষা হয়নি বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আ. মঈন খান। মঙ্গলবার সকালে সাভারে জাতীয় স্মৃতিসৌধে শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন শেষে তিনি এ কথা বলেন।ড. মঈন খান দাবি করেন স্বাধীনতার ঘোষণা দিয়েছিলেন জিয়াউর রহমান। যার কথা সারা বিশ্বে প্রচার হয়েছিল। ইতিহাসের যা সত্য, তা ইতিহাস নির্ধারণ করে। স্বাধীনতার ঘোষণা দিয়ে যুদ্ধে অংশ নিয়েছেন জিয়াউর রহমান, কলকাতায় পালিয়ে যাননি। বর্তমান সরকার গণতন্ত্রে বিশ্বাস করে না জানিয়ে বিএনপির এই নেতার আরো বলেন আওয়ামী লীগ একদলীয় শাসন কায়েম করেছে। মেগা উন্নয়নের নামে মেগা দুর্নীতি হয়েছে। ক্ষমতা আঁকড়ে ধরতে সরকার এক লাখ বিএনপি নেতাকর্মীদের নামে মিথ্যা মামলা দিয়েছে।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২৬.০৩.২০২৪ আসাদ)

## মহান স্বাধীনতা দিবস উপলক্ষ্যে বাংলাদেশের জনগণকে শুভেচ্ছা জানিয়েছেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী

যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী এন্টনি বিলিঙ্কেন ২৬শে মার্চ স্বাধীনতা দিবস উপলক্ষ্যে বাংলাদেশের জনগণকে অভিনন্দন জানিয়েছেন। যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে বিলিঙ্কেন এই বিশেষ দিনে সকল বাংলাদেশিকে উষ্ণ শুভেচ্ছা জানিয়েছেন। এক বিবৃতি তিনি বলেন, যুক্তরাষ্ট্র আগামী দিনগুলোতে দুই দেশের মধ্যে অংশীদারিত্ব ও জনগণ থেকে জনগণের সম্পর্ক জোরদারের প্রত্যাশা করছে। মার্কিন পররাষ্ট্রমন্ত্রী বলেন বাংলাদেশ স্বাধীনতার আরও এক বছর উদ্‌যাপন করছে। তাই আমরা গণতান্ত্রিক শাসন ব্যবস্থা জোরদার ও মানবাধিকার রক্ষায় আমাদের অঙ্গীকার পুনর্ব্যক্ত করছি। এই প্রচেষ্টাগুলোই বাংলাদেশের সমৃদ্ধি আরও বাড়াবে। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২৬.০৩.২০২৪ আসাদ)

## মৌলভীবাজারের জুড়িতে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে একই পরিবারের পাঁচজন নিহত

মৌলভীবাজারের জুড়িতে বিদ্যুতের তার ছিড়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে একই পরিবারের পাঁচ জনের মৃত্যু হয়েছে। মঙ্গলবার ভোরে উপজেলার পূর্ব গোয়ালবাড়ি গ্রামে এই ঘটনা ঘটে। নিহতরা হলেন ওই গ্রামের ফয়জুর রহমান, তার স্ত্রী শিরি বেগম, মেয়ে সামিয়া বেগম ও সামিনা আক্তার এবং ছেলে সায়েম উদ্দিন। দগ্ধ অবস্থায় আরেক মেয়ে সোনিয়া বেগমকে সিলেটের এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। পূর্ব গোয়ালবাড়ি সড়কের এক পাশে টিনের চালা ও বেড়ার তৈরি ঘরে পরিবারের সদস্যদের নিয়ে থাকতেন ফয়জুর রহমান। তার ঘরের উপর দিয়ে পল্লি বিদ্যুৎ সমিতির ১১০০ ভোল্টের বিদ্যুতের লাইন টানানো। নিজের জমি না থাকায় রহমত আলী নামের স্থানীয় এক ব্যক্তি পতিত জমিতে ঘর তৈরি করে থাকতেন ফয়জুর। স্থানীয়রা জানিয়েছেন আজ সকালে পৌনে ছয়টার দিকে প্রবল ঝড় বৃষ্টি শুরু হয়। ফজরের নামাজ পড়ার পর স্থানীয় কয়েকজন ব্যক্তি বিদ্যুৎ লাইনের একটি খুঁটিতে আগুন জ্বলতে দেখেন। এরপর তারা ফয়জুরের বাড়িতে গিয়ে দেখেন ভেতর থেকে টিনের দরজা লাগানো। ডাকাডাকি করেও ভিতর থেকে কোনো সাড়া শব্দ মিল ছিল না। পরে দরজা ভেঙ্গে ঘরে ঢুকে একজনের উপর আরেকজনের উপর লাশ পড়ে থাকতে দেখেন তারা। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২৬.০৩.২০২৪ আসাদ)

## নওগাঁয় বিএসএফের গুলিতে এক বাংলাদেশি যুবক নিহত; লালমনিরহাটে অন্য একজন গুলিবিদ্ধ

ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফের গুলিতে নওগাঁ সীমান্তে ১ বাংলাদেশি নিহত হয়েছেন এবং লালমনিরহাট সীমান্ত অপর একজন গুলিবিদ্ধ হয়েছেন। নওগাঁয় বিজিবি ১৬ ব্যাটালিয়নের পরিচালক লেফটেন্যান্ট কর্নেল মোঃ সাদিকুর রহমান গণমাধ্যমকে জানিয়েছেন মঙ্গলবার ভোর রাত সাড়ে চারটার দিকে নওগাঁ র পোরশা উপজেলার নিদপুর হাঁপানিয়া সীমান্ত এলাকায় ভারতীয় অংশে বিএসএফের গুলিতে আল আমিন নামের এক বাংলাদেশি নিহত হয়েছেন।

এই ঘটনায় বিজিবির পক্ষ থেকে প্রতিবাদ জানানোর পাশাপাশি বিএসএফের সঙ্গে পতাকা বৈঠকের আমন্ত্রণ জানানো হয়েছে বলে জানা গেছে।

অন্যদিকে আজ ভোরে লালমনিরহাটের আদিতমারি উপজেলার দুর্গাপুর ইউনিয়নের দীঘলতারি সীমান্তে বিএসএফের গুলিতে লিটন মিয়া নামের এক বাংলাদেশি কিশোর নিহত হয়েছেন বলে দাবি করেছে তার পরিবার। যদিও বিজিবি জানিয়েছে গুলিবিদ্ধ অবস্থায় বিএসএফ লিটনকে ভারতের অভ্যন্তরে নিয়ে গেছে এবং তাকে চিকিৎসা দেয়া হচ্ছে। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২৬.০৩.২০২৪ আসাদ)

## রাষ্ট্রপতির সংবর্ধনা অনুষ্ঠানে যোগ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভুটানের রাজা

মহান স্বাধীনতা দিবস উপলক্ষ্যে বঙ্গবন্ধু ভবনে রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিনের সংবর্ধনা অনুষ্ঠানে যোগ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভুটানের রাজা জিগমে খেসার নামগিয়েল ওয়াংচুক। মঙ্গলবার বিকেল সোয়া পাঁচটায় তারা এই সংবর্ধনা অনুষ্ঠানে যোগদেন। অনুষ্ঠানে যোগ দেয়ার আগে বিকেল সাড়ে চারটার দিকে রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্যে সাক্ষাতে সস্ত্রীক বঙ্গভবনে যান ভুটানের রাজা। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ২৬.০৩.২০২৪ আসাদ)

## জাতীয় পার্টিতে দ্বন্দ্ব তৈরিতে ইন্ধন দিচ্ছে সরকার : জিএম কাদের

জাতীয় পার্টির একাংশের চেয়ারম্যান জি এম কাদের বলেছেন, স্বাধীনতার চেতনা নিয়ে বর্তমান সরকার ব্যবসা করছে। বর্তমান সরকার মুক্তিযুদ্ধ ও মুক্তিযোদ্ধাদের দলীয়করণ করেছে। দেশের লুণ্ঠন হচ্ছে, ব্যাংক খালি হয়ে যাচ্ছে। মঙ্গলবার দুপুরের রাজধানী বানানীতে জাতীয় পার্টির চেয়ারম্যানের কার্যালয়ে আয়োজিত আলোচনা সভায় এসব কথা বলেন তিনি। জিএম কাদের আরো বলেন, নির্বাচন সঠিকভাবে হয়নি তা বিভিন্ন সংস্থার রিপোর্টের আগেই আমি সংসদে বলেছি। নির্বাচন ইস্যুতে খবরের কাগজে নিবন্ধন লিখেছি। এছাড়া জাতীয় পার্টিতে দ্বন্দ্ব তৈরিতে সরকার ইন্ধন দিচ্ছে বলেও অভিযোগ তোলেন জিএম কাদের। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ২৬.০৩.২০২৪ আসাদ)

## আগামীকাল বুধবার থেকে ঈদের আগ পর্যন্ত মেট্রোরেল চলাচলের সময় এক ঘণ্টা বাড়ছে

বুধবার থেকে ঈদের আগের দিন পর্যন্ত এক ঘণ্টা বাড়ছে মেট্রোরেলের চলাচলের সময়। নতুন সূচি অনুযায়ী উত্তরা থেকে সবশেষ ট্রেন থেকে ছাড়বে রাত ৯টায় এবং মতিঝিল থেকে ছাড়বে রাত ৯:৪০ মিনিটে। বর্তমান ৮.৪০ মিনিটে মতিঝিল থেকে সবশেষ ট্রেন ছাড়ে। উত্তরা থেকে সবশেষ ট্রেন ছাড়ে রাত আটটায়। মঙ্গলবার বিকেলে রাজধানীর ইস্কাটনে প্রবাসী কল্যাণ ভবনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এই তথ্য জানান ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক এবিএম সিদ্দিক। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ২৬.০৩.২০২৪ আসাদ)

## শিক্ষা প্রতিষ্ঠানে শনিবারের সাপ্তাহিক ছুটি বাতিল হতে পারে

আগামী রমজানে স্কুল বন্ধ রাখতে সারা বছর শনিবার স্কুল খোলা রাখা যেতে পারে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী। মঙ্গলবার রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে শিক্ষামন্ত্রণালয় আয়োজিত আলোচনা সভায় তিনি এ কথা বলেন। শিক্ষামন্ত্রী বলেন, সব মতের মানুষের বিশ্বাস ও চিন্তা চেতনার প্রতি সম্মান রেখে পাঠ্যপুস্তক প্রণয়নসহ সব বিষয়ে সর্বোচ্চ সতর্ক থাকবে মন্ত্রণালয়। বলেন রমজানের ছুটি সমন্বয় করতে আগামী বছর থেকে প্রয়োজনে সারা বছর শনিবার স্কুল খোলা রাখা যেতে পারে।

(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ২৬.০৩.২০২৪ আসাদ)

## রেলের টিকিট কালোবাজারিদের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি অব্যাহত থাকবে : রেলমন্ত্রী

রেলমন্ত্রী মো. জিল্লুল হাকিম বলেছেন কালো বাজারীরা রেলকে ধ্বংস করতে চায়, দেশকে ধ্বংস করতে চায়। তারা অন্য কারো সহযোগিতা নিয়ে রেলের ক্ষতি করতে চায়। মঙ্গলবার সকালে রাজবাড়ি জেলা আওয়ামী লীগের কার্যালয়ে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের আলোচনা সভা শেষে সাংবাদিকদের এ কথা বলেন তিনি। তিনি বলেন কালোবাজারিদের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি অব্যাহত থাকবে। এ সময়ে কালোবাজারিদের কাছ থেকে টিকিট না কাটার জন্য দেশবাসীকে অনুরোধ করেন রেল মন্ত্রী। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ২৬.০৩.২০২৪ আসাদ)

# জাগো এফএম

## স্বাধীনতা দিবসে স্মৃতিসৌধে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শ্রদ্ধা

মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস উপলক্ষ্যে  সাভারে জাতীয় স্মৃতিসৌধের বেদিতে পুষ্পস্তবক অর্পণ করে বীর শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়েছেন রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ সময় ভুটানের রাজা জিগমে খেসার নামগিয়েল ওয়াংচুকও বীর শহিদদের প্রতি শ্রদ্ধা জানান। মঙ্গলবার, ২৬শে মার্চ ভোর ৫টা ৫৬ মিনিটে স্মৃতিসৌধের বেদিতে পুষ্পস্তবক অর্পণ করেন তারা। এরপর দাঁড়িয়ে কিছু সময় নীরবতা পালন করেন তারা। এসময় বিউগলে করুণ সুর বেজে ওঠে। সশস্ত্র বাহিনীর একটি চৌকস দল তাদের গার্ড অব অনার দেয়। পরে আওয়ামী লীগ সভাপতি হিসেবে দলটির শীর্ষ নেতাদের নিয়ে জাতীয় স্মৃতিসৌধে দ্বিতীয় বার ফুল দিয়ে শ্রদ্ধা জানান শেখ হাসিনা। শ্রদ্ধা নিবেদন শেষে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও ভুটানের রাজা পরিদর্শন বইয়ে সই করেন। স্মৃতিসৌধে অন্যান্যের মধ্যে ভুটানের রানী জেৎসুন পেমা উপস্থিত ছিলেন। রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী এবং ভুটানের রাজার শ্রদ্ধা নিবেদনের পর মহান মুক্তিযুদ্ধের বীর শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা, আওয়ামী লীগ ও এর বিভিন্ন সহযোগী

সংগঠনের নেতারা। রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী স্মৃতিসৌধ এলাকা ছেড়ে গেলে শহিদদের প্রতি শ্রদ্ধা জানাতে সর্বস্তরের মানুষের জন্য জাতীয় স্মৃতিসৌধ উন্মুক্ত করে দেওয়া হয়। এসময় বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন, বিভিন্ন বাহিনী ও সংস্থা, বিভিন্ন মন্ত্রণালয়, শিক্ষা প্রতিষ্ঠানসহ বিভিন্ন শ্রেণিপেশার মানুষ জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধা নিবেদন করেন। (জাগো এফএম ওয়েব পেজ : ২৬.০৩.২০২৪ প্রতীক)

## স্বাধীনতা দিবসে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে প্রধানমন্ত্রীর শ্রদ্ধা

মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মঙ্গলবার, ২৬শে মার্চ সকাল ৭টায় ধানমন্ডি ৩২ নম্বরে সরকার প্রধান হিসেবে প্রথমে ফুলেল শ্রদ্ধা জানান প্রধানমন্ত্রী। পরে দলীয় প্রধান হিসেবে নেতা-কর্মীদের সঙ্গে নিয়ে শ্রদ্ধা জানান শেখ হাসিনা। এরপর এটি সর্বসাধারণের শ্রদ্ধার জন্য উন্মুক্ত করে দেওয়া হয়। এর আগে ভোর ৫টা ৫৬ মিনিটে দিনের প্রথম প্রহরে জাতীয় স্মৃতিসৌধে ফুল দিয়ে শ্রদ্ধা জানান রাষ্ট্রপতি মোঃ. সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এরপর সেখানে এক মিনিট নীরবে দাঁড়িয়ে থাকেন তারা। এ সময় সশস্ত্র বাহিনীর একটি দল রাষ্ট্রীয় অভিবাদন জানায় এবং বিউগলে বেজে ওঠে করুণ সুর। এসময় তাদের সঙ্গে শ্রদ্ধা জানান ভুটানের রাজা জিগমে খেসার নামগুয়েল ওয়াংচুক। সস্ত্রীক তিনি স্মৃতিসৌধে উপস্থিত থেকে প্রথম প্রহরে শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। পরে দলীয় প্রধান হিসেবে আওয়ামী লীগের পক্ষ থেকে ফুল দিয়ে শ্রদ্ধা জানান দলের সভাপতি শেখ হাসিনা। এসময় সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের-সহ প্রথম সারির নেতারা উপস্থিত ছিলেন। রাষ্ট্র ও সরকার প্রধানের শ্রদ্ধা জানানোর পর স্মৃতিসৌধ সাধারণ মানুষের শ্রদ্ধা জানানোর জন্য উন্মুক্ত করে দেওয়া হয়। (জাগো এফএম ওয়েব পেজ : ২৬.০৩.২০২৪ প্রতীক)

## গণতন্ত্রকে প্রাতিষ্ঠানিক রূপ দিতে আইনের শাসন সুসংহত করতে হবে : রাষ্ট্রপতি

গণতন্ত্রকে প্রাতিষ্ঠানিক রূপ দিতে পরমতসহিষ্ণুতা, মানবাধিকার ও আইনের শাসন সুসংহত করার ওপর তাগিদ দিয়েছেন রাষ্ট্রপতি মোঃ শাহাবুদ্দিন। তিনি বলেন, 'প্রত্যেক নাগরিককে নিজ নিজ অবস্থান থেকে অধিকতর দায়িত্বশীল ও কার্যকর ভূমিকা রাখতে হবে'। মঙ্গলবার, ২৬শে মার্চ সাভার জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধা নিবেদন শেষে পরিদর্শন বইয়ে এ বিষয়ে গুরুত্বারোপ করেন রাষ্ট্রপতি মোঃ শাহাবুদ্দিন। পরিদর্শন বইয়ে তিনি লেখেন, 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৪ উপলক্ষ্যে আমি দেশে ও প্রবাসে বসবাসরত সব বাংলাদেশিকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও উষ্ণ অভিনন্দন। ঐতিহাসিক এ দিনে আমি পরম শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছি স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। আমি শ্রদ্ধাভরে স্মরণ করছি মহান মুক্তিযুদ্ধের শহিদদের। আমি কৃতজ্ঞচিত্তে স্মরণ করি জাতীয় চার নেতা, বীর মুক্তিযোদ্ধা, মুক্তিযুদ্ধের সংগঠক ও সমর্থক, বিদেশি বন্ধু এবং সর্বস্তরের জনগণকে, যারা আমাদের অধিকার আদায় ও মুক্তিসংগ্রামে প্রত্যক্ষও পরোক্ষভাবে অবদান রেখেছেন। আমি পরম শ্রদ্ধায় স্মরণ করছি ১৫ই আগস্ট কালরাতে খুনিদের বুলেটের আঘাতে শহিদ ফজিলাতুন নেছা মুজিব ও বঙ্গবন্ধুর তিন পুত্রসহ সব শহিদকে। আমি তাদের আত্মার মাগফিরাত কামনা করছি। স্বাধীন-সার্বভৌম সোনার বাংলার স্বপ্নদ্রষ্টা বঙ্গবন্ধুর বাংলাদেশ আজ উন্নয়নের মহাসড়কে দুর্বার গতিতে অগ্রসরমান। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে এরই মধ্যে আমরা উন্নয়নশীল দেশের কাতারে অবস্থান করে নিয়েছি। প্রধানমন্ত্রী ঘোষিত রূপকল্প-২০৪১ অনুযায়ী ২০৪১ সালের মধ্যে দেশকে উন্নত-সমৃদ্ধ ও স্মার্ট বাংলাদেশে পরিণত করতে জনমুখী ও টেকসই উন্নয়ন, সুশাসন, সামাজিক ন্যায়বিচার, স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করতে হবে। গণতন্ত্রকে প্রাতিষ্ঠানিক রূপ দিতে পরমতসহিষ্ণুতা, মানবাধিকার ও আইনের শাসন সুসংহত করতে হবে। প্রত্যেক নাগরিককে নিজ নিজ অবস্থান থেকে অধিকতর দায়িত্বশীল ও কার্যকর ভূমিকা রাখতে হবে। মুক্তিযুদ্ধের লক্ষ্য ও চেতনা বাস্তবায়নের মাধ্যমে স্বাধীনতার সুফল জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে এবং বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে কার্যকর অবাদান রাখতে আমি দেশবাসীর প্রতি আহ্বান জানাচ্ছি। বাংলাদেশ এগিয়ে যাচ্ছে, এগিয়ে যাবে এবং উন্নত-সমৃদ্ধ স্মার্ট বাংলাদেশ হিসেবে বিশ্বের বুকে মাথা উঁচু করে দাঁড়াবে, প্রতিষ্ঠিত হবে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা ইনশাআল্লাহ।'

(জাগো এফএম ওয়েব পেজ : ২৬.০৩.২০২৪ প্রতীক)

## উন্নত-সমৃদ্ধ সোনার বাংলা গড়ে তোলার প্রত্যয় প্রধানমন্ত্রীর

মহান স্বাধীনতা দিবসে বাংলাদেশকে উন্নত-সমৃদ্ধ সোনার বাংলা গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মঙ্গলবার, ২৬শে মার্চ জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধা নিবেদন শেষে পরিদর্শন বইয়ে এ প্রত্যয় ব্যক্ত করে স্বাক্ষর করেন প্রধানমন্ত্রী।পরিদর্শন বইয়ে প্রধানমন্ত্রী লিখেছেন, 'আজ ২৬শে মার্চ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহান স্বাধীনতা ও জাতীয় দিবস। আজকের দিনে আমি পরম শ্রদ্ধাভরে স্মরণ করছি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। আমি শ্রদ্ধা জানাই বাংলাদেশের স্বাধীনতার সংগ্রাম ও মুক্তিযুদ্ধের শহিদদের প্রতি এবং পাকিস্তানি হানাদার বাহিনীর হাতে নির্যাতিতা মা-বোনদের প্রতি। গভীর বেদনাভরা ক্লান্ত হৃদয়ে স্মরণ করছি আমার মা বেগম ফজিলাতুন নেছা এবং আমার তিন ছোট ভাই কামাল, জামাল, রাসেল-সহ ১৯৭৫ সালের ১৫ই আগস্ট ঘাতকদের নির্মম বুলেটে আঘাতে যারা শাহাদাত বরণ করেছেন তাদের। শ্রদ্ধা জানাই ঢাকা কেন্দ্রীয় কারাগারে নিহত জাতীয় চার নেতাদের। ১৯৭৫ সালের ৩রা নভেম্বর যাদের নির্মমভাবে হত্যা করা হয়েছিল। আজকের এই মহান দিবসে

আমাদের প্রতিজ্ঞা, স্বাধীনতার চেতনায় বাংলাদেশকে উন্নত সমৃদ্ধ সোনার বাংলা গড়ে তুলব, ইনশাআল্লাহ। আমি বাংলাদেশের সব জনসাধারণকে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের শুভেচ্ছা জানাচ্ছি। জয় বাংলা জয় বঙ্গবন্ধু।'
(জাগো এফএম ওয়েব পেজ : ২৬.০৩.২০২৪ প্রতীক)

**আওয়ামী লীগের প্রতি জনগণের জোরালো সমর্থন অব্যাহত : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, 'নির্বাচনি ইশতিহার বাস্তবায়ন অগ্রগতি আমরা নিয়মিতভাবে পর্যবেক্ষণ করে যাচ্ছি। এ কারণে আওয়ামী লীগের প্রতি জনগণের আস্থা এবং জোরালো সমর্থন অব্যাহত রয়েছে।' মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে মঙ্গলবার, ২৬শে মার্চ দেওয়া এক বাণীতে তিনি বলেন, 'আওয়ামী লীগ সরকার জনগণের ভাগ্যোন্নয়নের দর্শনে বিশ্বাসী। সাধারণ মানুষের জীবনমান এবং দেশের উন্নয়নে আমরা আশু, স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনার মাধ্যমে রাষ্ট্র পরিচালনা করছি। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে দেশে এবং প্রবাসে বসবাসকারী সব বাংলাদেশিকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানান প্রধানমন্ত্রী। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করে তিনি বলেন, 'তার বলিষ্ঠ ও দূরদর্শী নেতৃত্বে আমরা পেয়েছি স্বাধীন-সার্বভৌম বাংলাদেশ।' জাতীয় চার নেতা, মুক্তিযুদ্ধের ৩০ লাখ শহিদ এবং ২ লাখ সম্ভ্রমহারা মা-বোনকে তিনি স্মরণ করেন। যুদ্ধাহত মুক্তিযোদ্ধাসহ সব অকুতোভয় বীর মুক্তিযোদ্ধাকে সম্মান জানিয়ে প্রধানমন্ত্রী সব বন্ধু রাষ্ট্র, সংগঠন, সংস্থা, ব্যক্তি এবং বিশেষ করে ভারতের তৎকালীন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর প্রতি কৃতজ্ঞতা জানান। তিনি বলেন, 'ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের তরুণ ছাত্রনেতা শেখ মুজিবুর রহমান ১৯৪৭ সালে পাকিস্তান সৃষ্টির পর থেকেই পূর্ব বাংলাকে একটি সার্বভৌম রাষ্ট্র হিসেবে প্রতিষ্ঠার স্বপ্ন দেখেছিলেন। দিনে দিনে পাকিস্তানিদের সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক বৈষম্যমূলক মনোভাব স্পষ্ট হয়ে উঠেছিল। শেখ মুজিব যে-কোনো ত্যাগের বিনিময়ে বাঙালিদের অধিকার ও আত্মমর্যাদা রক্ষার প্রশ্নে অটল ছিলেন। তার অত্যন্ত সুদূরপ্রসারী চিন্তার ফসল ছাত্রলীগ এবং আওয়ামী লীগ, যে সংগঠন দুইটির সৃষ্টি থেকে শুরু করে তার জীবনের শেষ দিন পর্যন্ত তিনি ওতপ্রোতভাবে জড়িত ছিলেন।' প্রধানমন্ত্রী বলেন, 'জনগণের ভোটে জয়ী হয়ে দীর্ঘ ২১ বছর পর ১৯৯৬ সালে আওয়ামী লীগ রাষ্ট্র পরিচালনার দায়িত্ব পায়। আমরা দায়িত্ব নিয়েই সামাজিক সুরক্ষা কর্মসূচি প্রবর্তনের মাধ্যমে দরিদ্র মানুষের জীবনমান পরিবর্তনে দ্রুত কাজে নেমে পড়ি। খাদ্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জন, প্রান্তিক মানুষের কাছে প্রাথমিক স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে কমিউনিটি ক্লিনিক প্রতিষ্ঠা, আশ্রয়ণ প্রকল্পের মাধ্যমে বাস্তুহারা মানুষের জন্য বাসস্থান নির্মাণসহ মোবাইল ফোন ও কম্পিউটার প্রযুক্তিকে সহজলভ্য করি। ভারতের সঙ্গে ৩০ বছর মেয়াদি গঙ্গার পানি বণ্টন চুক্তি সই, পার্বত্য চট্টগ্রামে শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে ঐতিহাসিক শান্তি চুক্তি সম্পাদন এবং ভারতে আশ্রয়গ্রহণকারী উদ্বাস্তুদের বাংলাদেশে ফিরিয়ে আনার ব্যবস্থা করি।' তিনি স্বাধীনতা দিবস ও জাতীয় দিবসে এ মাহেন্দ্রক্ষণে মহান মুক্তিযুদ্ধের চেতনা ধারণ করে বঙ্গবন্ধু শেখ মুজিবের স্বপ্নের উন্নত-সমৃদ্ধ অসাম্প্রদায়িক স্মার্ট সোনার বাংলা বিনির্মাণের শপথ নিতে সবার প্রতি আহ্বান জানান। (জাগো এফএম ওয়েব পেজ : ২৬.০৩.২০২৪ প্রতীক)

**স্বাধীনতা দিবসে স্মারক ডাকটিকিট উন্মোচন করলেন প্রধানমন্ত্রী**

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে স্মারক ডাকটিকিট উন্মোচন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মঙ্গলবার, ২৬শে মার্চ সকালে তার সরকারি বাসভবন গণভবনে এক অনুষ্ঠানে ১০ টাকা মূল্যের স্মারক ডাকটিকিট, ১০ টাকার উদ্‌বোধনী খাম এবং ৫ টাকার একটি ডাটাকার্ড উন্মোচন করেন তিনি। অনুষ্ঠানে একটি বিশেষ সীলমোহরও ব্যবহার করা হয়। আগামীকাল বুধবার ঢাকা জিপিও-এর ফিলাটেলিক ব্যুরো থেকে স্ট্যাম্প, ফার্স্ট ডে কভারর্স এবং ডাটা কার্ড বিক্রি শুরু হবে। পরবর্তীতে সারাদেশের অন্যান্য জিপিও এবং প্রধান পোস্ট অফিসেও এসব পাওয়া যাবে।
(জাগো এফএম ওয়েব পেজ : ২৬.০৩.২০২৪ প্রতীক)

**বঙ্গবন্ধুর পক্ষে স্বাধীনতার ঘোষণা পাঠ করেন জিয়া : সেতুমন্ত্রী**

জেনারেল জিয়া বঙ্গবন্ধুর পক্ষে স্বাধীনতার ঘোষণা পাঠ করেছেন বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। মঙ্গলবার, ২৬শে মার্চ সকালে সাভারে জাতীয় স্মৃতিসৌধের শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন শেষে তিনি এ মন্তব্য করেন। ওবায়দুল কাদের বলেন, 'আবুল কাশেম, এম এ হান্নান, অনেকেই ঘোষণা পাঠ করেছেন। সেখানে জেনারেল জিয়াও বঙ্গবন্ধুর পক্ষে স্বাধীনতার ঘোষণা পাঠ করেছেন। তাই বলে স্বাধীনতা ঘোষণার পাঠক কখনো ঘোষক হতে পারে না।' তিনি বলেন, 'আজও আমাদের দেশের স্বাধীনতার ঘোষক নিয়ে বিতর্ক হয়। এত বছর পরও সেই বিতর্ক চলছে। আমাদের বক্তব্য, ঘোষণার পাঠক ঘোষক হতে পারে না। কিন্তু প্রশ্ন হচ্ছে, কে ঘোষক? এ বিতর্কের অবসান তখনই হবে যখন আমরা সত্যের অনুসন্ধান করতে যাবো। সেটা হচ্ছে ১৯৭০ সালের নির্বাচনের মধ্যদিয়ে স্বাধীনতা ঘোষণার ম্যান্ডেট এ অঞ্চলের জনগণের পক্ষ থেকে একমাত্র বঙ্গবন্ধুই পেয়েছিল। আর কারো কোনো বৈধ অধিকার নেই স্বাধীনতার ঘোষক হাওয়ার।' আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেন, 'আজকে এত বছর পর আমাদের ভাবতে হচ্ছে এ দেশেরই মানুষ, এ দেশেরই অগণতান্ত্রিক সাম্প্রদায়িক শক্তিকে নিয়ে। যারা আমাদের বিজয়, আমাদের স্বাধীনতার বিরুদ্ধে অন্তরায় সৃষ্টি করে যাচ্ছে। আজ আমাদের শপথ, বিএনপির নেতৃত্বে যে সাম্প্রদায়িক অশুভ শক্তি বিজয়কে সংহতকরণে বাধা বা অন্তরায় হয়ে আছে, এ অপশক্তিকে শেখ হাসিনার নেতৃত্বে পরাজিত করবো, প্রতিহত করবো।' ভারত বিরোধিতা প্রসঙ্গে সাংবাদিকদের এক

প্রশ্নের জবাবে ওবায়দুল কাদের বলেন, 'বিরোধিতা আগেও হয়েছে, এখনো হচ্ছে। এটা নতুন কিছু না। এই বিরোধিতা পাকিস্তান আমল থেকেই হয়ে আসছে। যখন কোনো ইস্যু থাকে না তখনই ভারত বিরোধিতা ইস্যু সামনে আসে।' (জাগো এফএম ওয়েব পেজ : ২৬.০৩.২০২৪ প্রতীক)

## স্বাধীনতা দিবসে স্মৃতিসৌধে ভুটানের রাজার শ্রদ্ধা

মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস উপলক্ষ্যে সাভারে জাতীয় স্মৃতিসৌধের বেদিতে পুষ্পস্তবক অর্পণ করে বীর শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়েছেন ভুটানের রাজা জিগমে খেসার নামগিয়েল ওয়াংচুক। মঙ্গলবার, ২৬শে মার্চ ভোর ৫টা ৫৬ মিনিটে স্মৃতিসৌধের বেদিতে পুষ্পস্তবক অর্পণ করেন তিনি। এরপর দাঁড়িয়ে কিছু সময় নীরবতা পালন করেন। এসময় বিউগলে করুণ সুর বেজে ওঠে। পরে সশস্ত্র বাহিনীর একটি চৌকস দল তাকে গার্ড অব অনার দেয়। একই সময় জাতীয় স্মৃতিসৌধের বেদিতে পুষ্পস্তবক অর্পণ করে বীর শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়েছেন রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এরপর আওয়ামী লীগ সভাপতি হিসেবে দলটির শীর্ষ নেতাদের নিয়ে জাতীয় স্মৃতিসৌধে দ্বিতীয় বার ফুল দিয়ে শ্রদ্ধা জানান শেখ হাসিনা। শ্রদ্ধা নিবেদন শেষে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও ভুটানের রাজা পরিদর্শন বইয়ে সই করেন। স্মৃতিসৌধে অন্যান্যের মধ্যে ভুটানের রানী জেৎসুন পেমা উপস্থিত ছিলেন। রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী স্মৃতিসৌধ এলাকা ছেড়ে গেলে শহিদদের প্রতি শ্রদ্ধা জানাতে সর্বস্তরের মানুষের জন্য জাতীয় স্মৃতিসৌধ উন্মুক্ত করে দেওয়া হয়। (জাগো এফএম ওয়েব পেজ : ২৬.০৩.২০২৪ প্রতীক)

## যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের জন্য প্রধানমন্ত্রীর উপহার

মহান স্বাধীনতা দিবস এবং জাতীয় দিবস-২০২৪ উপলক্ষ্যে শুভেচ্ছা নিদর্শন হিসেবে যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের মধ্যে ফলমূল এবং মিষ্টান্ন পাঠান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মঙ্গলবার, ২৬শে মার্চ রাজধানীর মোহাম্মদপুর গজনবী রোডস্থ যুদ্ধাহত মুক্তিযোদ্ধা পুনর্বাসন কেন্দ্রে এ উপহার সামগ্রী পৌঁছে দেন তার প্রতিনিধিরা। প্রধানমন্ত্রীর পক্ষে তার সহকারী একান্ত সচিব-২ গাজী হাফিজুর রহমান লিকু এবং প্রধানমন্ত্রীর সহকারী প্রেস সচিব এ বি এম সরওয়ার-ই-আলম সরকার যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের হাতে উপহার সামগ্রীগুলো হস্তান্তর করেন। যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যরা প্রতিটি রাষ্ট্রীয় দিবস এবং উৎসবে, যেমন স্বাধীনতা দিবস, বিজয় দিবস, পবিত্র ঈদ এবং বাংলা নববর্ষের দিনে তাদের স্মরণ করার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করেন। মুক্তিযোদ্ধারা জাতির পিতার জ্যেষ্ঠ কন্যার দূরদর্শী নেতৃত্বের প্রতি অবিচল আস্থা প্রকাশ করেন। স্বাধীনতার সঠিক ইতিহাস নতুন প্রজন্মের কাছে তুলে ধরার জন্য শেখ হাসিনার নেতৃত্বের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। দেশের অপ্রতিরোধ্য উন্নয়ন অগ্রযাত্রায় সন্তুষ্টি প্রকাশ করেন। তারা বিশেষভাবে উল্লেখ করেন, মহান মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী আওয়ামী লীগের নেতৃত্বে সরকার রাষ্ট্র ক্ষমতায় থাকলে দেশের প্রান্তিক মানুষের কল্যাণ হয় এবং মুক্তিযোদ্ধা ও তাদের পরিবাররা ভালো থাকেন। তারা মুক্তিযোদ্ধাদের বর্ধিত হারে ভাতা প্রদান, চিকিৎসা এবং আবাসনের সুব্যবস্থা করার জন্য প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। মুক্তিযোদ্ধারা মনে করেন, শেখ হাসিনার নেতৃত্বেই বাংলাদেশ একদিন জাতির পিতার স্বপ্নের ক্ষুধা, দারিদ্র্যমুক্ত উন্নত-সমৃদ্ধ এবং আত্মমর্যাদাশীল স্মার্ট বাংলাদেশ হিসেবে বিশ্বের বুকে মাথা উঁচু করে দাঁড়াবে। যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যরা এবং উপস্থিত সবাই প্রধানমন্ত্রীর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। (জাগো এফএম ওয়েব পেজ : ২৬.০৩.২০২৪ প্রতীক)

## স্বাধীনতা দিবসে বঙ্গবন্ধুর সমাধিতে আওয়ামী লীগের শ্রদ্ধা

মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে আওয়ামী লীগের পক্ষ থেকে শ্রদ্ধা নিবেদন করা হয়েছে। মঙ্গলবার, ২৬শে মার্চ আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক এস এম কামাল হোসেনের নেতৃত্বে আওয়ামী লীগ নেতারা জাতির পিতার সমাধিসৌধে ফুল দিয়ে শ্রদ্ধা জানান। এসময় তারা সেখানে কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থেকে বঙ্গবন্ধুর প্রতি বিনম্র শ্রদ্ধা প্রদর্শন করেন। এসময় আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আফজাল হোসেন, কার্যনির্বাহী সদস্য ইকবাল হোসেন অপু, গোপালগঞ্জ জেলা আওয়ামী লীগের সভাপতি মাহাবুব আলী খান, টুঙ্গিপাড়া উপজেলা আওয়ামী লীগের সভাপতি আবুল বাশার খায়ের, সাধারণ সম্পাদক মোঃ বাবুল শেখ, পৌর মেয়র শেখ তোজাম্মেল হক টুটুল-সহ আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের বিপুল সংখ্যক নেতা-কর্মী উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ২৬.০৩.২০২৪ প্রতীক)

## রাজারবাগের পুলিশ বঙ্গবন্ধু ডাকে প্রথম প্রতিরোধ গড়ে তুলেছিল : স্বরাষ্ট্রমন্ত্রী

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ডাকে সাড়া দিয়ে রাজারবাগের পুলিশরা ঘুরে দাঁড়িয়েছিল এবং প্রথম প্রতিরোধ এনেছিল বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। মঙ্গলবার, ২৬শে মার্চ রাজধানীর রাজারবাগ পুলিশ লাইন্সে পুলিশ স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ করে মুক্তিযুদ্ধে শহিদ পুলিশ সদস্যদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন শেষে তিনি এ তথ্য জানান। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, 'স্বাধীনতা ঘোষণার আগেই পাকিস্তানি হানাদার বাহিনীরা অপারেশন সার্চলাইটের মাধ্যমে নির্মম হত্যাকাণ্ড চালিয়েছিল।' তিনি বলেন, 'সেই অভিযানটির একটি অংশ এসে রাজারবাগে অবস্থান করেছিল। আপনারা জানেন আমাদের সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি ৭ই মার্চে ঘোষণা দিয়েছিলেন তোমাদের যা কিছু আছে তাই নিয়েই শত্রুর মোকাবিলা করতে হবে। যথার্থভাবেই এ রাজারবাগের পুলিশরা বঙ্গবন্ধু শেখ মুজিবের ডাকে সাড়া দিয়ে

ঘুরে দাঁড়িয়ে ছিলেন, প্রথম প্রতিরোধ এনেছিলেন। এজন্যই আমরা তাদের গভীরভাবে স্মরণ করি। আমরা শ্রদ্ধাভরে স্মরণ করি সেদিন রাজারবাগের যারা শাহাদাত বরণ করেছিলেন। 'এর আগে ২৬শে মার্চ বাংলাদেশের ৫৪তম মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে রাজারবাগ পুলিশ লাইন্সে শহিদ পুলিশ স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। এসময় একটি সুসজ্জিত পুলিশ দল গার্ড অব অনার প্রদান করেন। তখন বিউগলে বেজে উঠে করুন সুর। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের সিনিয়র সচিব মোঃ মোস্তাফিজুর রহমান, আইজিপি চৌধুরী আবদুল্লাহ আল-মামুন, অতিরিক্ত আইজিপি, প্রশাসন মোঃ কামরুল আহসান, র‍্যাব মহাপরিচালক এম খুরশীদ হোসেন, স্পেশাল ব্রাঞ্চের অতিরিক্ত আইজিপি মোঃ মনিরুল ইসলাম এবং। উর্ধ্বতন পুলিশ কর্মকর্তারা এসময় উপস্থিত ছিলেন। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কালজয়ী আহ্বানে সাড়া দিয়ে **১৯৭১** সালের ২৫শে মার্চ কালরাতে রাজারবাগ পুলিশ লাইন্সে তৎকালীন পুলিশের বাঙালি সদস্যরা পাকিস্তান হানাদার বাহিনীর আধুনিক সমরাস্ত্রের বিরুদ্ধে সামান্য থ্রি নট থ্রি রাইফেল দিয়ে প্রথম সশস্ত্র প্রতিরোধ গড়ে তুলে মহান মুক্তিযুদ্ধের সূচনা করেছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ২৬.০৩.২০২৪ প্রতীক)

## পুলিশ স্মৃতিস্তম্ভে আইজিপি ও ডিএমপি কমিশনারের শ্রদ্ধা

বাংলাদেশের ৫৪তম মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে রাজারবাগ পুলিশ লাইন্সে শহিদ পুলিশ স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেছেন বাংলাদেশ পুলিশের মহাপরিদর্শক, আইজিপি চৌধুরী আবদুল্লাহ আল-মামুন ও ডিএমপি কমিশনার হাবিবুর রহমান। মঙ্গলবার, ২৬শে মার্চ রাজধানীর রাজারবাগ পুলিশ লাইন্সে এ শ্রদ্ধা নিবেদন করেন তারা। এ সময় পুষ্পস্তবক অর্পণের শেষে শহিদ পুলিশদের স্মরণে স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে কিছুক্ষণ দাঁড়িয়ে নীরবতা পালন করা হয়। এরপর বাংলাদেশ পুলিশ সার্ভিস অ্যাসোসিয়েশনের সভাপতি ও স্পেশাল ব্রাঞ্চের অতিরিক্ত আইজিপি মোঃ মনিরুল ইসলাম এবং অ্যাসোসিয়েশনের নেতৃবৃন্দ, ডিএমপি কমিশনার হাবিবুর রহমান, ঢাকা রেঞ্জের ডিআইজি সৈয়দ নুরুল ইসলাম, বাংলাদেশ পুলিশ উইমেন নেটওয়ার্ক-এর সভাপতি ও স্পেশাল ব্রাঞ্চের ডিআইজি আমেনা বেগমের নেতৃত্বে বাংলাদেশ পুলিশ উইমেন নেটওয়ার্ক-এর নেতৃবৃন্দ পুলিশ স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ করে শহিদ পুলিশ সদস্যদের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কালজয়ী আহ্বানে সাড়া দিয়ে **১৯৭১** সালের ২৫শে মার্চ কালরাতে রাজারবাগ পুলিশ লাইন্সে তৎকালীন পুলিশের বাঙালি সদস্যরা পাকিস্তান হানাদার বাহিনীর আধুনিক সমরাস্ত্রের বিরুদ্ধে সামান্য থ্রি নট থ্রি রাইফেল দিয়ে প্রথম সশস্ত্র প্রতিরোধ গড়ে তুলে মহান মুক্তিযুদ্ধের সূচনা করেছিলেন।

(জাগো এফএম ওয়েব পেজ : ২৬.০৩.২০২৪ প্রতীক)

## স্বাধীনতা দিবসে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে মেয়র তাপসের শ্রদ্ধা

মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেছেন ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়র শেখ ফজলে নূর তাপস। মঙ্গলবার, ২৬শে মার্চ সকালে ধানমন্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে মেয়র শেখ ফজলে নূর তাপস এ শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন। পরে তিনি বঙ্গবন্ধু আওয়ামী আইনজীবী পরিষদের পক্ষেও শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন। পরবর্তীতে মেয়র ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রধান কার্যালয় নগর ভবনে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা জানান। এ সময় অন্যদের মধ্যে বঙ্গবন্ধু আওয়ামী আইনজীবী পরিষদের আহ্বায়ক অ্যাডভোকেট ইউসুফ হোসেন হুমায়ুন ও বঙ্গবন্ধু আওয়ামী আইনজীবী পরিষদের শীর্ষস্থানীয় নেতৃবৃন্দ, কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ মিজানুর রহমান, সচিব আকরামুজ্জামান, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. ফজলে শামসুল কবির-সহ কর্পোরেশনের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও উর্ধ্বতন কর্মকর্তা, ঢাকা মহানগর দক্ষিণ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক কাজী মোর্শেদ হোসেন কামাল প্রমুখ উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ২৬.০৩.২০২৪ প্রতীক)

## স্বাধীনতা দিবসে রাষ্ট্রপতির সংবর্ধনা অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভুটানের রাজা ওয়াংচুক

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিনের সংবর্ধনা অনুষ্ঠানে যোগ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভুটানের রাজা জিগমে খেসার নামগুয়েল ওয়াংচুক। মঙ্গলবার, ২৬শে মার্চ বিকেল সোয়া ৫টায় বঙ্গভবনে তারা এ সংবর্ধনা অনুষ্ঠানে যোগ দেন। এর আগে, বিকেল সাড়ে ৪টার দিকে রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে সস্ত্রীক বঙ্গভবনে যান ভুটানের রাজা। এদিন সকাল ৬টায় দিনের প্রথম প্রহরে জাতীয় স্মৃতিসৌধে রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে শ্রদ্ধা জানান ভুটানের রাজা জিগমে খেসার নামগুয়েল ওয়াংচুক। সস্ত্রীক তিনি স্মৃতিসৌধে উপস্থিত থেকে প্রথম প্রহরে শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। স্বাধীন বাংলাদেশকে প্রথম স্বীকৃতি দেওয়া দেশ ভুটানের রাজা জিগমে খেসার নামগুয়েল ওয়াংচুক চারদিনের রাষ্ট্রীয় সফরে গতকাল সোমবার, ২৫শে মার্চ সকাল সোয়া ১০টায় ঢাকায় পৌঁছান। বিমানবন্দরে রাষ্ট্রীয় অতিথি রাজা ওয়াংচুককে ফুলেল শুভেচ্ছা জানান রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন। তাকে স্বাগত জানানোর পর গার্ড অব অনার প্রদান করা হয়। এসময় উভয় দেশের জাতীয় সংগীত বাজানো হয়। এসময় প্রেসিডেন্ট গার্ড পরিদর্শন করেন ভুটানের রাজা। সফরের প্রথম দিন বাংলাদেশ ও ভুটানের মধ্যে তিনটি নতুন সমঝোতা স্মারক সই এবং পুরোনো একটি চুক্তি নবায়ন করা হয়েছে। সোমবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভুটানের রাজা জিগমে খেসার নামগুয়েল ওয়াংচুকের উপস্থিতিতে বৈঠক হয়। পরে দুই নেতার মধ্যে বৈঠক শেষে তিনটি সমঝোতা স্মারক সই ও একটি চুক্তি নবায়ন করা হয়।সফরের তৃতীয় দিন

আগামীকাল বুধবার, ২৭শে মার্চ পদ্মা সেতু এবং নারায়ণগঞ্জের আড়াইহাজারে স্পেশাল ইকোনমিক জোন পরিদর্শন এবং পরদিন ২৮শে মার্চ কুড়িগ্রামে বিশেষায়িত অর্থনৈতিক অঞ্চল পরিদর্শন শেষে বিকেলে সোনাহাট স্থলবন্দর দিয়ে ভুটানের রাজার বাংলাদেশ ত্যাগ করার কথা রয়েছে। (জাগো এফএম ওয়েবে পেজ : ২৬.০৩.২০২৪ প্রতীক)

## স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎকালে বাংলাদেশের চিকিৎসাসেবার ভূয়সী প্রশংসা ভুটানের রাজার

বাংলাদেশের চিকিৎসাসেবার ভূয়সী প্রশংসা করেছেন ভুটানের রাজা জিগমে খেসার নামগিয়েল ওয়াংচুক। স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে এক বিশেষ বৈঠকে তিনি এ প্রশংসা করেন বলে স্বাস্থ্য মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয়েছে। মঙ্গলবার, ২৬শে মার্চ শেখ হাসিনা জাতীয় বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট পরিদর্শনে গিয়ে এই বৈঠক করেন ভুটানের রাজা। বৈঠকে স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। বৈঠক শেষে স্বাস্থ্য মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয়েছে, ভুটানের রাজা শেখ হাসিনা জাতীয় বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট পরিদর্শনে এলে বাংলাদেশের স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন তাকে হাসপাতালের সেবা কার্যক্রম ঘুরিয়ে দেখান। পরিদর্শন শেষে ভুটানের রাজা বাংলাদেশের স্বাস্থ্যমন্ত্রীসহ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে এক বিশেষ বৈঠক করেন। বৈঠকে বাংলাদেশের চিকিৎসা সেবার ভূয়সী প্রশংসা করেন ভুটানের রাজা জিগমে খেসার নামগিয়েল ওয়াংচুক। ভুটানের রাজা সে দেশে বাংলাদেশের আদলে একটি অত্যাধুনিক বার্ন হাসপাতাল নির্মাণের ব্যাপারে আগ্রহ প্রকাশ করলে বাংলাদেশের পক্ষ থেকে এ ব্যাপারে সব ধরনের সহায়তা করার আশ্বাস দেন স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন। বাংলাদেশের পক্ষ থেকে ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধ শেষে ভুটান সরকার কর্তৃক প্রথম বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করায় ভুটানের রাজার প্রতি বিশেষ কৃতজ্ঞতা প্রকাশ করেন স্বাস্থ্যমন্ত্রী। বৈঠকে ভুটানের চিকিৎসকদের বাংলাদেশে নিয়মিত প্রশিক্ষণ দেওয়ার ব্যাপারে রাজার নিকট থেকে প্রস্তাব দেওয়া হয়। স্বাস্থ্যমন্ত্রী ভুটানের চিকিৎসকদের বাংলাদেশে প্রশিক্ষণ দেওয়ার ব্যাপারে আগ্রহ দেখান। পরিদর্শনকালে ভুটানের রাষ্ট্রদূত রিনচেন কুয়েনসিল-সহ ভুটানের অন্যান্য ঊর্ধ্বতন কর্মকর্তারা রাজার সঙ্গে উপস্থিত ছিলেন। এর আগে শেখ হাসিনা জাতীয় বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট পরিদর্শনে আসেন বিশ্ব স্বাস্থ্য সংস্থার দক্ষিণ পূর্ব এশিয়ার আঞ্চলিক পরিচালক সায়মা ওয়াজেদ এবং তার নেতৃত্বে বিশ্ব স্বাস্থ্য সংস্থার একটি প্রতিনিধি দল। পরিদর্শনের আগে সায়মা ওয়াজেদের নেতৃত্বে বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রতিনিধি দল স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। স্বাস্থ্যসেবা বিভাগের সচিব মোঃ জাহাঙ্গীর আলম, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব আজিজুর রহমান, স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক এ বি এম খুরশীদ আলম, স্বাস্থ্য শিক্ষা বিভাগের মহাপরিচালক অধ্যাপক টিটু মিয়া-সহ অন্য ঊর্ধ্বতন কর্মকর্তারা এসময় স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে উপস্থিত ছিলেন। বিশ্ব স্বাস্থ্য সংস্থার পক্ষে বিশ্ব স্বাস্থ্য সংস্থার বাংলাদেশ প্রতিনিধি বর্ধন জং রানা, সৈয়দ মাহফুজুল হক, ড. কামরুজ্জামান-সহ অন্য কর্মকর্তারা এসময় উপস্থিত ছিলেন। সাক্ষাৎকালে বিশ্ব স্বাস্থ্য সংস্থার দক্ষিণ পূর্ব এশিয়ার ক্রমবর্ধমান উন্নয়নশীল ও জনবসতিপূর্ণ একটি দেশ হিসেবে বাংলাদেশের স্বাস্থ্যসেবার মানোন্নয়নে বিশ্ব স্বাস্থ্য সংস্থার পক্ষ থেকে প্রয়োজনীয় সহযোগিতার ব্যাপারে আগ্রহ প্রকাশ করেন দক্ষিণ পূর্ব এশিয়ার আঞ্চলিক পরিচালক সায়মা ওয়াজেদ। বিশ্ব স্বাস্থ্য সংস্থার গুরুত্বপূর্ণ পদে থেকে বাংলাদেশের শেখ হাসিনা জাতীয় বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট পরিদর্শন করায় বিশ্ব স্বাস্থ্য সংস্থার দক্ষিণ পূর্ব এশিয়ার আঞ্চলিক পরিচালক সায়মা ওয়াজেদ ও অন্য প্রতিনিধিদের বিশেষ ধন্যবাদ জানান ডা. সামন্ত লাল সেন। আলাপকালে বাংলাদেশের স্বাস্থ্যসেবার মানোন্নয়ন, বার্ন ইনস্টিটিউটের সেবা ঢাকার বাইরে বাড়ানো এবং বাংলাদেশের এই বার্ন চিকিৎসার ধারণা ভুটানসহ অন্য সহযোগী দেশে কীভাবে ছড়িয়ে দেওয়া যায় সে ব্যাপারে বিশ্ব স্বাস্থ্য সংস্থার দক্ষিণ পূর্ব এশিয়ার আঞ্চলিক পরিচালক ও প্রতিনিধি হিসেবে সায়মা ওয়াজেদ বাংলাদেশের স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে কথা বলেন। এছাড়া বাংলাদেশে ভ্যাক্সিন প্লান্ট নির্মাণ কাজে বিশ্ব স্বাস্থ্য সংস্থার সার্বিক সহায়তার কথাও জানান সায়মা ওয়াজেদ। (জাগো এফএম ওয়েবে পেজ : ২৬.০৩.২০২৪ প্রতীক)

## আগামী বছর থেকে শনিবারও স্কুল খোলা থাকতে পারে : শিক্ষামন্ত্রী

আগামী বছর থেকে প্রয়োজনে শনিবার স্কুল খোলা থাকতে পারে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী। রমজানে স্কুল বন্ধ রেখে সেই ছুটি সমন্বয় করতে এ সিদ্ধান্ত আসতে পারে বলেও জানিয়েছেন মন্ত্রী। মঙ্গলবার, ২৬শে মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষ্যে 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক নেতৃত্ব এবং দেশের উন্নয়ন' বিষয়ে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এ কথা জানান। শিক্ষামন্ত্রী বলেন, 'আপনারা দেখেছেন পবিত্র রমজান মাসে বিদ্যালয় খোলা থাকা নিয়ে নানা ধরনের প্রচার-অপপ্রচার হয়েছে। যেহেতু এ বছর বিষয়টা এভাবে এসেছে, আমরা আগামীতে চেষ্টা করবো কীভাবে কাঠামোর মধ্যে আনা যায়।' বছরে ৫৩ সপ্তাহে ৫২টি শনিবার রয়েছে জানিয়ে মহিবুল হাসান চৌধুরী বলেন, 'সেখানে যদি কিছুটা বিদ্যালয় খোলা রাখি, তাহলে রমজানের ক্ষেত্রে যে বিতর্ক সৃষ্টির অপপ্রয়াস যারা করছে তাদের সেই অপপ্রয়াসকে বন্ধ করতে পারি সেই লক্ষ্যে আমরা একটা পরিকল্পনা করবো। যাতে এটা নিয়ে আবারো আদালতে গিয়ে মিথ্যা বুঝিয়ে বিভ্রান্তি করে রায় নিয়ে এসে অপচেষ্টা করতে না পারে, রাস্তায় এসে মানববন্ধন করতে না পারে।' তিনি বলেন, 'আমরা সংবেদনশীলতার জায়গায় শ্রদ্ধাশীল। আমরা আলেম-ওলামার সাথেও আলোচনা করবো। তাদেরও একটা অবস্থান আছে এটা নিয়ে।' (জাগো এফএম ওয়েবে পেজ : ২৬.০৩.২০২৪ প্রতীক)

## দেশের মানুষের আয় বেড়েছে, জীবনমানও অনেক উন্নত : তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনার দক্ষ নেতৃত্বে দেশের মানুষের জীবনমান এখন অনেক উন্নত হয়েছে বলে মন্তব্য করেছেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। তিনি বলেন, 'বাংলাদেশের মানুষের জীবনমান উন্নত হয়েছে, মাথাপিছু আয় বৃদ্ধি পেয়েছে। পাশাপাশি মানুষের হাতের মুঠোয় পৌঁছে গেছে অধিকাংশ সরকারি সেবা।' মঙ্গলবার, ২৬শে মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক নেতৃত্ব ও দেশের উন্নয়ন' শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। রাজধানীর আগারগাঁওয়ে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল অডিটোরিয়ামে এ অনুষ্ঠানের আয়োজন করে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়। জুনাইদ আহমেদ পলক বলেন, 'জাতির পিতা একটি বিজ্ঞানমনস্ক জাতি গড়ার স্বপ্ন দেখেছিলেন। বঙ্গবন্ধু তার দূরদর্শিতা দিয়ে উপলব্ধি করেছিলেন বিজ্ঞান ও প্রযুক্তিই হবে আমাদের অর্থনীতির অন্যতম হাতিয়ার এবং শিক্ষাই হবে সামাজিক ও সাংস্কৃতিক মুক্তির অন্যতম হাতিয়ার। তাই বিশ্বের সাথে আমাদের টেলিযোগযোগ স্থাপন করতে হবে এবং সহযোগিতার ভিত্তিতে প্রযুক্তির সক্ষমতা বৃদ্ধি করতে হবে।' তিনি বলেন, '১৯৭৫ সালের ১৫ই আগস্টের পর জাতির পিতার স্বপ্ন ও আদর্শের সম্পূর্ণ উল্টো দিকে আমাদের নিয়ে যাওয়া হয়। বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা উল্টোপথের যাত্রা থেকে আমাদের দেশ ও জাতিকে উদ্ধার করেছেন। সৃজনশীল নেতৃত্বের মাধ্যমে আমাদের উপহার দিয়েছেন মধ্যম আয়ের প্রযুক্তিনির্ভর ডিজিটাল বাংলাদেশ।' প্রতিমন্ত্রী আরো বলেন, তথ্যপ্রযুক্তির বৈপ্লবিক পরিবর্তনের মাধ্যমে বাংলাদেশে বর্তমানে কয়েক লক্ষাধিক নারী ই-কমার্স উদ্যোক্তা, সাড়ে ছয় লাখের বেশি ফ্রিল্যান্সার, আইটি খাতে ২০ লাখের বেশি তরুণের কর্মসংস্থান, কয়েক হাজার আইটি ও আইটিইএস কোম্পানি তৈরি হয়েছে। মেট্রোরেল, পদ্মাসেতু ও রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের মতো মেগা প্রকল্প বাস্তবায়ন হয়েছে।' বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষের ব্যবস্থাপনা পরিচালক জি এস এম জাফরউল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠানে আরো বক্তব্য দেন ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সচিব আবু হেনা মোরশেদ জামান, তথ্য ও যোগাযোগ বিভাগের সচিব সামসুল আরেফিন, বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেডের চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা ড. শাহজাহান মাহমুদ, বিটিআরসি-এর চেয়ারম্যান প্রকৌশলী মোঃ মহিউদ্দিন আহমেদ।
(জাগো এফএম ওয়েব পেজ : ২৬.০৩.২০২৪ প্রতীক)

## রাজাকারের তালিকা করার উদ্যোগ থেমে গেছে সরকারের

সরকারের রাজাকারের তালিকা করার উদ্যোগ থেমে গেছে। বাস্তব জটিল পরিস্থিতি বিবেচনায় এ তালিকাটি আর হচ্ছে না বলে মনে করছেন সংশ্লিষ্টরা। যদিও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের পক্ষ থেকে এখনো বলা হচ্ছে, রাজাকারের তালিকা করা থেকে তারা সরে আসেননি। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের কর্মকর্তা ও জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের সদস্যরা জানিয়েছেন, প্রথম স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের যে তালিকা প্রকাশ করা হয়েছিল সেটি ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় করা হয়েছিল। কিন্তু চরম বিতর্কের মুখে সেটি স্থগিত করা হয়েছিল। এত বছর পর এখন নতুন করে রাজাকারের তালিকা হলে নানাভাবে সেখানে নিরপরাধ মানুষের নাম ঢুকে যেতে পারে, বাদও পড়তে পারে প্রকৃত কোনো রাজাকারের নাম। এছাড়া কে রাজাকার ছিল কে ছিল না, এত বছর পর সেটি চিহ্নিত করা খুবই দুরূহ একটি কাজ। এছাড়া মাঠ পর্যায়ে রাজনৈতিক ও পারস্পরিক দ্বন্দ্বের শিকার হতে পারেন কেউ কেউ। এ পরিস্থিতিতে রাজাকারের নতুন তালিকা আরো বড় বিতর্কের সৃষ্টি করতে পারে বলে মনে করছেন সংশ্লিষ্টরা। তাই নতুন তালিকায় আগ্রহ নেই সরকারের। যদিও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী এবার স্বাধীনতা দিবসের মধ্যে রাজাকারের তালিকা চূড়ান্ত করার কথা জানিয়েছিলেন। এ অবস্থায় রাজাকারের তালিকা করার বিষয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনা করে পরবর্তী পদক্ষেপ নেওয়া হতে পারে বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা। মুক্তিযুদ্ধের নয় মাস দেশের বিভিন্ন এলাকায় পাকিস্তানি সেনাবাহিনীকে সহযোগিতা করা ব্যক্তিদের সাধারণভাবে রাজাকার বলা হয়। পাকিস্তানিদের সহযোগী আরো দুটি সংস্থার নাম ছিল আলবদর ও আলশামস। পাকিস্তানিদের নানা অপকর্ম যেমন, হত্যা, ধর্ষণ, লুট, অগ্নিসংযোগের ক্ষেত্রে সহযোগিতা করেছেন তারা। কিন্তু মুক্তিযুদ্ধের পর এত বছর পেরিয়ে গেলেও তাদের তালিকা করা হয়নি। ২০১৯ সালে ১৫ই ডিসেম্বর ১০ হাজার ৭৮৯ জন রাজাকারের তালিকা প্রকাশ করে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। তবে ঘোষিত তালিকায় অনেক মুক্তিযোদ্ধার নাম রয়েছে বলে অভিযোগ ওঠে। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের প্রধান প্রসিকিউটর ও ভাষাসৈনিক গোলাম আরিফ টিপু-সহ রাজশাহীর আরো দুই ব্যক্তির নাম রয়েছে ওই তালিকায় যারা মুক্তিযুদ্ধের সপক্ষের ছিলেন বলে প্রমাণ রয়েছে। এ নিয়ে সারাদেশে সমালোচনা শুরু হয়। বিতর্কের মুখে রাজাকারের তালিকা স্থগিত করে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। ওয়েবসাইট থেকে তালিকাটি সরিয়ে ফেলা হয়। পরবর্তী সময়ে যাচাই-বাছাই করে তালিকা প্রকাশ করা হবে বলে মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয়। (জাগো এফএম ওয়েব পেজ : ২৬.০৩.২০২৪ প্রতীক)

## স্বাধীনতা দিবস উদ্‌যাপন করেছে ফায়ার সার্ভিস

যথাযথ মর্যাদায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন করেছে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স। মঙ্গলবার, ২৬শে মার্চ দিনব্যাপী নানা কর্মসূচি বাস্তবায়নের পাশাপাশি দেশের সকল ফায়ার স্টেশনে জাতীয় পতাকা উত্তোলন ও ফেস্টুন টাঙানো হয়। এদিন সকালে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্সের শহিদ স্মৃতিস্তম্ভে এবং জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদফতরের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল

মোঃ মাইন উদ্দিন। এ সময় পরিচালক, উপ-পরিচালকসহ সকল স্তরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সকাল ১০টায় কর্মকর্তা-কর্মচারীদের সন্তানদের অংশগ্রহণে মিরপুর ট্রেনিং কমপ্লেক্স ও অধিদফতরের সম্মেলন কক্ষে 'মহান মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ' বিষয়ে চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। বেলা সাড়ে ১১টায় ট্রেনিং কমপ্লেক্সসহ সকল বিভাগীয় অফিসে 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক নেতৃত্ব এবং দেশের উন্নয়ন' বিষয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় বক্তারা জাতির পিতা, সকল মুক্তিযোদ্ধা ও ১৫ই আগস্টসহ শাহাদৎবরণকারী সকল সদস্যের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। মুক্তিযুদ্ধ এবং ফায়ার সার্ভিসের অপারেশনাল কাজে আত্মাহুতি দেওয়া শহিদদেরও শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন তারা। আলোচনা সভায় জাতির পিতার আদর্শ চর্চা করার জন্য এবং স্মার্ট বাংলাদেশ গড়তে সকল কর্মকর্তা-কর্মচারীকে নিজ নিজ দায়িত্ব যথাযথ পালন করার জন্য তাগিদ দেওয়া হয়। বক্তারা ফায়ার সার্ভিস ও সারাদেশের উন্নয়ন কার্যক্রম অব্যাহত থাকায় প্রধানমন্ত্রী এবং সরকারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। (জাগো এফএম ওয়েব পেজ : ২৬.০৩.২০২৪ প্রতীক)

**বাংলাদেশের সঙ্গে অংশীদারিত্বে যুক্তরাষ্ট্র গর্বিত : ব্লিঙ্কেন**

অনেক গুরুত্বপূর্ণ বিষয়ে বাংলাদেশের সঙ্গে অংশীদার হতে পেরে যুক্তরাষ্ট্র গর্বিত। বাংলাদেশের মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে যুক্তরাষ্ট্রের শুভেচ্ছা বার্তায় মার্কিন পররাষ্ট্রমন্ত্রী অ্যান্থনি ব্লিঙ্কেন এ কথা বলেন। স্বাধীনতা দিবসের প্রাক্কালে মার্কিন সেক্রেটারি অব স্টেট তার পাঠানো বার্তায় বলেন, '২৬শে মার্চ স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশের জনগণকে আমি মার্কিন যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে অভিনন্দন জানাই।' মঙ্গলবার, ২৬শে মার্চ পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়। মার্কিন পররাষ্ট্র দফতরের ওয়েবসাইটে বিদ্যমান এ বার্তায় ব্লিঙ্কেন বলেন, 'জলবায়ু পরিবর্তন মোকাবিলা, অর্থনৈতিক উন্নয়ন, রোহিঙ্গা সংকটে সাড়া দেওয়া, বিশ্বব্যাপী শান্তিরক্ষা কার্যক্রমে সহায়তা এবং বৈশ্বিক স্বাস্থ্য চ্যালেঞ্জ মোকাবিলাসহ আজ অনেক গুরুত্বপূর্ণ বিষয়ে বাংলাদেশের সঙ্গে অংশীদার হতে পেরে যুক্তরাষ্ট্র গর্বিত।' এই অংশীদারিত্ব একটি মুক্ত, উন্মুক্ত, নিরাপদ এবং সমৃদ্ধ ইন্দো-প্যাসিফিক অঞ্চল নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে বলেও উল্লেখ করেন ব্লিঙ্কেন। তিনি বলেন, 'বাংলাদেশ যখন স্বাধীনতার আরো একটি বছর উদযাপন করছে তখন আমরা গণতান্ত্রিক শাসনব্যবস্থাকে শক্তিশালী করা এবং মানবাধিকার রক্ষায় আমাদের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করছি এবং এই প্রচেষ্টাসমূহ বাংলাদেশকে আরো সমৃদ্ধ করবে।' দুই দেশ ও জনগণের মধ্যে সম্পর্ক উত্তরোত্তর বৃদ্ধিতে যুক্তরাষ্ট্রের আন্তরিকতার কথাও তুলে ধরেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী। তিনি বলেন, 'আমি এই বিশেষ দিনে সব বাংলাদেশিকে আন্তরিক শুভেচ্ছা জানাই এবং আগামী বছরে আমাদের দুইদেশের মধ্যে অংশীদারিত্ব এবং উভয় দেশের জনগণের মধ্যে সম্পর্ক উত্তরোত্তর বৃদ্ধির জন্য আমরা উন্মুখ।'
(জাগো এফএম ওয়েব পেজ : ২৬.০৩.২০২৪ প্রতীক)

**নওগাঁ সীমান্তে বিএসএফের গুলিতে বাংলাদেশি যুবক নিহত**

নওগাঁর পোরশা সীমান্তের ওপারে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী, বিএসএফ-এর গুলিতে আল আমিন নামের এক যুবক নিহত হয়েছেন। মঙ্গলবার, ২৬শে মার্চ ভোরে সীমান্ত থেকে ভারতের প্রায় দুই কিলোমিটার অভ্যন্তরে মিলমারি এলাকায় এ ঘটনা ঘটে। নিহত আল আমিন পোরশা উপজেলার নীতপুর গ্রামের আবু বক্কর সিদ্দিকের ছেলে। স্থানীয় সূত্রে জানা যায়, সোমবার, ২৫শে মার্চ রাতে আল আমিন-সহ কয়েকজন নীতপুর সীমান্ত দিয়ে ভারতের মালদা জেলার মিলমারি এলাকায় প্রবেশ করেন। মঙ্গলবার ভোরে বাংলাদেশে ফিরে আসার সময় ভারতের বিএসএফ-১৫৯ ব্যাটলিয়নের আওতাধীন আগ্রাবাদ ক্যাম্পের সদস্যরা তাদের ধাওয়া করে গুলি ছোড়েন। এতে অন্যরা পালিয়ে এলেও ভারতের মিলমারি এলাকায় আল আমিন গুলিবিদ্ধ হয়ে নিহত হন। এরপর বিএসএফ সদস্যরা তার মরদেহ নিয়ে যান। নওগাঁ-১৬ বিজিবির অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মুহম্মদ সাদিকুর রহমান বিএসএফের গুলিতে বাংলাদেশি নিহতের বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, 'বাংলাদেশের সীমান্ত থেকে ভারতের প্রায় দুই কিলোমিটার অভ্যন্তরে মিলমারি এলাকায় এ ঘটনা ঘটেছে। এ বিষয়ে বিজিবি ও বিএসএফের কোম্পানি কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠকের জন্য বিএসএফকে আহ্বান জানিয়ে চিঠি পাঠানো হয়েছে।' (জাগো এফএম ওয়েব পেজ : ২৬.০৩.২০২৪ প্রতীক)

# BBC

**BALTIMORE BRIDGE COLLAPSES AFTER BEING HIT BY SHIP**

The landmark Francis Scott Key Bridge in the US city of Baltimore has collapsed after it was hit by a ship. Several vehicles were crossing the bridge, which is more than 2.6km long, when the container ship collided with one of its supports. At least seven people are believed to be in the water and a number of vehicles were detected beneath the surface, officials said. Boats and helicopters are part of the search and rescue effort. The Singapore-flagged container ship, Dali, struck a column on the 47-year-old bridge at 01:30 local time, causing it to collapse. (BBC Web Page: 26/03/24, FARUK)

**DEATH TOLL RISES TO 32,414 IN GAZA - PALESTINIAN HEALTH MINISTRY**

The death toll in Gaza has risen to 32,414, according to the Hamas-run Palestinian health ministry. Eighty-one people have been killed in the last 24 hours, while 93 others have been

injured, the ministry says in a statement. Fighting is raging on in Gaza as Israel continues its military campaign in the territory, despite the passing of a UN Security Council resolution on Monday calling for an immediate ceasefire. (BBC Web Page: 26/03/24, FARUK)

**HEZBOLLAH FIRES PROJECTILES AT NORTHERN ISRAEL FROM LEBANON**

In northern Israel, a fire has broken out at a winery in the Avivim border community after projectiles were launched from Lebanon, according to the Israel Defence Forces (IDF). There are no reports of casualties and firefighters are at the scene. Hezbollah's Al-Manar TV station cited a statement from the Lebanese armed group as saying its fighters had hit two structures in Avivim "in support of our resilient Palestinian people in Gaza". Separately, the IDF says several projectiles were launched towards one of its aerial control units at a military base in Meron. No injuries or damage to the unit's capabilities were reported.
(BBC Web Page: 26/03/24, FARUK)

**UN RESOLUTION PASS CALLS FOR URGENT ACTION TO AVERT A FAMINE IN GAZA**

Monday's UN resolution came as there continues to be huge concern over the dire humanitarian situation in Gaza. Last week, US Secretary of State Antony Blinken warned the entire population of Gaza was experiencing "severe levels of acute food insecurity". The UN World Food Programme has also warned that, in Gaza's two northern governorates, famine is expected to set in by May unless the flow of aid into the territory is increased. Following yesterday's vote, UN Secretary-General Antonio Guterres said the resolution must be implemented and that failure would be unforgivable. (BBC Web Page: 26/03/24, FARUK)

**PUTIN PINS ATTACK ON JIHADISTS BUT STILL BLAMES KYIV**

Russia's Vladimir Putin has acknowledged radical Islamists carried out Friday's deadly attack on a Moscow concert hall. But he has repeated his claim that they had some kind of link to Ukraine and the West. Ukraine has rejected the Russian claim as absurd. The Islamic State (IS) group says it was behind the atrocity, in which 139 people were killed, and it has released footage of the attack. Twenty-two people are still in a serious condition in hospital, including two children, according to Russian officials. (BBC Web Page: 26/03/24, FARUK)

**VENEZUELA'S MAIN OPPOSITION COALITION BLOCKED FROM ELECTION**

Venezuela's main opposition coalition says its candidate has been blocked from July's presidential election. The opposition Unitary Platform (PUD) said it was unable to access the electoral council website to register its candidate, Corina Yoris. It is the latest setback for the PUD, whose leader, Maria Corina Machado, has been barred from running for office. Polls have suggested that if the election was free and fair, Ms Machado could beat President Nicolas Maduro. Ms Machado, 56, made headlines in October when the notoriously divided opposition united behind her. She received more than 90% of votes in a primary election organized by the opposition. (BBC Web Page: 26/03/24, FARUK)

**CHINA HITS OUT AT US AND UK OVER CYBER HACK CLAIMS**

China has hit back at accusations from the US and UK that it is behind a state hacking operation targeting millions of people in Western countries. A foreign ministry spokesperson said Washington and others should stop their own cyber attacks, accusing them of political manipulation. He added that Britain's evidence for alleging its electoral commission and MPs had been hacked was inadequate. The US and UK have blamed a Chinese state-run cyber unit for the attacks. Two Chinese nationals and a company will face sanctions, the UK announced on Monday. (BBC Web Page: 26/03/24, FARUK)

**JAPAN TO SELL FIGHTER JETS IN BREAK FROM PACIFISM**

Japan's cabinet has approved the export of new fighter jets it is developing with the UK and Italy, in the latest move away from its pacifist policies. It eased arms export rules to allow the jets to be sold to countries that Japan has signed defence pacts with, and where there is no ongoing conflict. Japan has pledged to double military spending by 2027, citing threats posed by China and North Korea. Each fighter jet sale will require cabinet approval, authorities said. In December 2022, Japan came on board a UK-Italy collaboration, dubbed the Tempest, to develop this new fighter jet that will use artificial intelligence and advanced sensors to assist pilots. (BBC Web Page: 26/03/24, FARUK)

**ISRAEL CANCELS US TALKS AFTER UN GAZA CEASEFIRE VOTE**

Israel has cancelled a meeting in Washington after the US declined to veto a UN Security Council resolution calling for a ceasefire in Gaza. The resolution, which also called for the release of all hostages, followed several failed attempts at similar measures since the 7

October attacks. Israeli Prime Minister Benjamin Netanyahu accused the US of having abandoned its previous policy. Meanwhile intense fighting rages between Israel and Hamas in Gaza. The UN Security Council's first resolution demanding an immediate ceasefire came after calls for urgent action to avert a famine in Gaza. (BBC Web Page: 26/03/24, FARUK)

**::The End::**